- 10) Shin S.J. *The Logical Status of diagrams*. Cambridge University press 1994, pp. 77-80.
- 11) Shin S.J. *The Logical Status of diagrams*. Cambridge University press 1994, pp. 81-82

- 12) Shin S.J. *The Logical Status of diagrams*. Cambridge University press 1994, pp. 111-132.
- 13) L. Choudhury and M.K.Chakraborty, On Extending Venn Diagram by Augmenting Names of Individual, In *Proceedings of Diagrams, Cambridge, UK*, LNAI, Springer - Verlag, March 2004, pp.142-146.
- 14) Stapleton. Gem. A Survey of Reasoning Systems Based on Euler Diagrams. *Electronic Notes in Theoretical Computer Science*. URL WWW.elsevier.nl/locate/entcs.
Stapleton Gem, S. Thompson, J. Howse, and J. Taylor, The expressiveness of spider diagrams, *Journal of logic and computation*, 14(6): 857 -880 , December, 2004.

প্রাচীন ন্যায়ের নিরিখে “প্রতিজ্ঞাসন্ন্যাস”

অনন্যা ব্যানার্জী

প্রাচীন ন্যায়দর্শনের ইতিহাস বৌদ্ধদর্শনের সঙ্গে দ্বন্দ্ব তথা সংগ্রামের ইতিহাস। এই প্রাচীন ন্যায়শাস্ত্রের জগতের প্রথম ব্যক্তিত্ব হলেন ন্যায়দর্শনের প্রতিষ্ঠাতা মহর্ষি গৌতম। মহর্ষি গৌতমের ন্যায়সূত্রের উপর বাৎস্যায়নের যে বিস্তারিত ব্যাখ্যা তা ন্যায়ভাষ্য নামে পরিচিত। ভাষ্যকার বাৎস্যায়ন প্রধানতঃ বৌদ্ধ তর্কিক নাগার্জুনের মতের সমালোচনা করেছেন।

ভাষ্যকার বাৎস্যায়নের ন্যায়ভাষ্যের উপর উদ্যোতকরের যে বিস্তারিত ব্যাখ্যা, তা ন্যায়বার্ত্তিক নামে পরিচিত। শ্রীমদ বাচস্পতি মিশ্র তাঁর তাৎপর্যটিকার প্রারম্ভে উদ্যোতকরের বার্ত্তিক রচনার প্রয়োজন ব্যাখ্যা করেছেন। তিনি বলেছেন যে - যদিও ভাষ্যকার বাৎস্যায়ন ন্যায়শাস্ত্র বুঝিয়ে গেছেন, তথাপি পরবর্ত্তীকালে নব্যবৌদ্ধ দিগ্‌নাগ প্রভৃতি প্রমাণকাণ্ডে বিশেষ আলোচনা এবং তর্কের ভূরিচর্চা করে প্রমাণসমুচ্চয় প্রভৃতি গ্রন্থের দ্বারা ন্যায়সূত্র এবং ভাষ্যের প্রচুর প্রতিবাদ করেন। তাঁর কুতর্কীকরকারের দ্বারা ন্যায়শাস্ত্র আচ্ছাদিত হয়ে যায়। এই অঙ্ককার অপনয়ন করতেই উদ্যোতকরের বার্ত্তিক রচনা।

উদ্যোতকরের পরবর্ত্তীকালে বাৎস্যায়নের “ন্যায়ভাষ্য” এবং উদ্যোতকরের “ন্যায়বার্ত্তিক”-এ প্রদত্ত ব্যাখ্যার বৈধতা সম্পর্কে ধর্মকীর্ত্তি এবং অন্যান্য বৌদ্ধ তর্কিকগণ যখন প্রশ্ন উত্থাপন করেন, এমনই এক সময়ে বাচস্পতি মিশ্রের “ন্যায়বার্ত্তিকতাৎপর্যটিকা” রচনা। তিনি ভাষ্যকার বাৎস্যায়ন এবং বার্ত্তিককার উদ্যোতকরের প্রদত্ত ব্যাখ্যাকে যুক্তি দ্বারা প্রতিষ্ঠিত করতে সচেষ্ট হয়েছেন।

প্রাচীন ন্যায়ের ইতিহাসের নিরিখে সূত্রকার মহর্ষি গৌতম, ভাষ্যকার বাৎস্যায়ন এবং বার্ত্তিককার উদ্যোতকরের মতানুসারে “প্রতিজ্ঞাসন্ন্যাস” নামক নিগ্রহস্থানের স্বরূপ পরিষ্ফুট করে তোলাই এই গ্রন্থের প্রয়াস। কিন্তু মূল আলোচনায় উপনীত হওয়ার পূর্বে প্রাচীন নৈমায়িকগণের মতানুসারে সামান্যতঃ নিগ্রহস্থানের স্বরূপ বিষয়ে অবগত হওয়া প্রয়োজন।

ক. প্রাচীন ন্যায়ের ইতিহাসে সামান্যতঃ নিগ্রহস্থানের স্বরূপ

ন্যায়সূত্রকার মহর্ষি গৌতম তাঁর ন্যায়দর্শনে বলেছেন— প্রমাণাদি ঘোড়শ পদার্থের তত্ত্বজ্ঞান লাভ দ্বারাই পরম পুরুষার্থরূপ মোক্ষ বা নিঃশ্রেয়স লাভ সম্ভবপর হয়।^১ ন্যায়শাস্ত্রে স্বীকৃত এই ঘোড়শ পদার্থের মধ্যে সর্বশেষ পদার্থ হল নিগ্রহস্থান। নিগ্রহস্থান বিষয়টি যেরূপ জটিল, সেরূপ উপাদেয়ও বটে। আবার, এই নিগ্রহস্থান বিষয়কে তত্ত্বজ্ঞান পরম্পরায় পুরুষের মোক্ষলাভের হেতু হয়। কারণ, মোক্ষলাভ তত্ত্বজ্ঞানকে অপেক্ষা করে। এই তত্ত্বজ্ঞানের উৎপত্তি ও সংরক্ষণ বিচারকে অপেক্ষা করে হয় এবং এই বিচারের জন্যই নিগ্রহস্থান সম্পর্কে

জ্ঞানলাভের প্রয়োজন।

মহর্ষি গৌতম তাঁর ন্যায়সূত্রে নিগ্রহস্থানের লক্ষণ প্রকাশ করে বলেছেন— “বিপ্রতিপত্তিরপ্রতিপত্তিশ্চ নিগ্রহস্থানম্”
||১৯|| ৬০|| অর্থাৎ বিপ্রতিপত্তি এবং অপ্রতিপত্তি হল নিগ্রহস্থান।^১

স্বাভাবিকভাবেই প্রশ্ন উত্থাপিত হয় যে— মহর্ষির সূত্রোক্ত “বিপ্রতিপত্তি” এবং “অপ্রতিপত্তি” এই শব্দ দুটির অর্থ কি? ভাষ্যকার বাৎস্যায়ন মহর্ষির সূত্রোক্ত “বিপ্রতিপত্তি” শব্দের অর্থরূপে বিপরীত জ্ঞান এবং কুৎসিত জ্ঞানকে গ্রহণ করেছেন।^২ বাচস্পতি মিশ্র “বিপ্রতিপত্তি” শব্দের অর্থ ব্যাখ্যা করে বলেছেন— “সূক্ষ্মবিষয়া প্রতিপত্তির্বিপরীতা, স্থূলবিষয়া চ কুৎসিতা”। বাচস্পতি মিশ্রের মতে— ভাষ্যকারও সূক্ষ্মবিষয়ে বিপরীত নিশ্চয়রূপ ভ্রমকে বিপরীত প্রতিপত্তি এবং স্থূল বিষয়ে ঐরূপ বিপরীত নিশ্চয়রূপ ভ্রমকে কুৎসিত প্রতিপত্তি বলে সূত্রোক্ত ‘বিপ্রতিপত্তি’ শব্দের দ্বারা উক্ত দ্বিবিধ প্রকার বিপ্রতিপত্তিকেই গ্রহণ করেছেন। অপরপক্ষে, ‘অপ্রতিপত্তি’ বলতে বোঝায় প্রকৃত বিষয়ে জ্ঞানের অভাব। কিন্তু ভাষ্যকার সূত্রোক্ত “অপ্রতিপত্তি” শব্দের দ্বারা আরম্ভ বিষয়ে অনারম্ভ অর্থাৎ বিচারস্থলে বাদী ও প্রতিবাদীর নিজ কর্তব্যের অকরণকে বুঝিয়েছেন।

বিচারস্থলে বাদী এবং প্রতিবাদীর কর্তব্য হল পঞ্চবিধ। যথা—

- ১। নিজমত স্থাপন বা স্বপক্ষস্থাপন
 - ২। পরমত উপলব্ধি
 - ৩। পরমত খন্ডন
 - ৪। অপরের উত্থাপিত আপত্তি খন্ডন
- এবং
- ৫। চতুর্বিধ বিষয়ের যে কোনটি।

সুতরাং, বিচারস্থলে বাদী বা প্রতিবাদী এই পঞ্চবিধ কর্তব্যসমূহের মধ্যে যেকোন কর্তব্যবিষয়ক অকরণবশতঃ পরাজয় প্রাপ্ত হন তাদৃশ অজ্ঞতাই ভাষ্যকারের মতানুসারে সূত্রোক্ত “অপ্রতিপত্তি” শব্দের অর্থ।

ভাষ্যকারের মতে— “নিগ্রহ” শব্দের অর্থ হল পরাজয়। বিচারস্থলে নিগ্রহের হেতু বা কারণ অথবা পরাজয়ের হেতুই হল নিগ্রহস্থান। সুতরাং, বিচারস্থলেই এই নিগ্রহস্থান প্রাসঙ্গিক হয়। কথা হল বিচারবিশেষ। ভাষ্যকারের মতে— কথা হল ত্রিবিধ। যথা— “বাদ”, “জল্প” এবং “বিতণ্ডা”।^৩ সুতরাং দেখা যাচ্ছে যে— “বাদ”, “জল্প” এবং “বিতণ্ডা” এই ত্রিবিধ কথাস্থলেই নিগ্রহস্থানের প্রাসঙ্গিকতা বর্তমান। ভাষ্যকার বাৎস্যায়নের মতে— নিগ্রহস্থানগুলির অধিকাংশই, যেমন— “প্রতিজ্ঞাহানি, প্রতিজ্ঞাসন্ন্যাস” প্রভৃতি নিগ্রহস্থান প্রতিজ্ঞাদি কোন অবয়বকে অবলম্বন করেই হয়ে থাকে।^৪

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে — বিচারস্থলে পরাজয় বা নিগ্রহের কারণই নিগ্রহস্থান, “জল্প” এবং “বিতণ্ডা”

স্থলেই কেবলমাত্র “নিগ্রহস্থান”এর উক্তরূপ ব্যাখ্যা সম্ভবপর। কারণ, ত্রিবিধ কথার মধ্যে “জল্প” এবং “বিতণ্ডা” নামক কথায় অংশগ্রহণকারী বাদী বা প্রতিবাদীর জয়লাভই হল মুখ্য উদ্দেশ্য, যদিও এক্ষেত্রে অনেক সময় মধ্যস্থগণের তত্ত্বনির্ণয়ও হয়ে থাকে। কিন্তু “বাদ” রূপ কথায় তত্ত্ব নির্ণয়ই একমাত্র উদ্দেশ্য। সুতরাং, স্বাভাবিকভাবেই প্রশ্ন ওঠে— জিগীষাশূণ্য শিষ্য ও গুরুর কেবলমাত্র তত্ত্ব নির্ণয়ের উদ্দেশ্যে যে “বাদ” নামক কথা, তাতে বাদী ও প্রতিবাদী কারোরই অহঙ্কার না থাকায়, এক্ষেত্রে অহঙ্কার খন্ডনরূপ পরাজয় বা নিগ্রহ ক্রমে সম্ভবপর?

উপরিউক্ত প্রশ্নের উত্তর প্রদান করে উদ্যোতকরই স্বয়ং বলেছেন যে— “বাদ” রূপ কথাতে শিষ্য বা আচার্য্যের বিবক্ষিত অর্থের অপ্রতিপাদকত্ব অর্থাৎ বিবক্ষিত বিষয় প্রতিপাদন করার অক্ষমতাই হল নিগ্রহ।^৬

বার্তিককার উদ্যোতকর সামান্যতঃ নিগ্রহস্থানের স্বরূপ প্রকাশ করে বলেছেন— নিগ্রহস্থানগুলি বাদী বা প্রতিবাদীর পরাজয়ের বাস্তব স্থান বা কারণ এবং বাস্তব অপরাধের নির্ণায়ক।^৭ সামান্যতঃ নিগ্রহস্থানের স্বরূপ প্রসঙ্গে তাৎপর্যটীকাকার বাচস্পতি মিশ্রও বলেন— প্রকারান্তরে বলতে গেলে নিগ্রহস্থানসমূহের দ্বারা স্পষ্টতই বিচারে অংশগ্রহণকারী বাদী বা প্রতিবাদীর বাস্তব অপরাধই নির্ণীত হয়।^৮

কিন্তু ভাষ্যকারের মতের বিরোধিতা করে উদ্যোতকর বলেন— এই বিপ্রতিপত্তি এবং অপ্রতিপত্তি পুরুষের ধর্ম এবং তা পুরুষেরই নিগ্রহের কারণ হয়।^৯ কারণ, বাদী বা প্রতিবাদী পুরুষই অজ্ঞানবশতঃ অথবা ভ্রমবশতঃ যা প্রযোজ্য নয় তা প্রয়োগ করে এবং যা প্রযোজ্য তা প্রয়োগ না করে নিগ্রহের যোগ্য হন। কিন্তু তাঁদের বিচাররূপ কর্মের করণরূপে তাঁরা যে প্রতিজ্ঞাদি বাক্য প্রয়োগ করে থাকেন, তার নিগ্রহ হয় না। কারণ, ঐ কর্ম বা করণের কোন অপরাধ নেই। ঐরূপ কর্ম বা করণকে বাদী বা প্রতিবাদী যদি উপযুক্ত বিষয়ের সাধনে প্রয়োগ করেন, তবে তা ঐ বিষয়ের সাধনে সমর্থই হয়। বার্তিককারের মতের প্রতি সমর্থন জ্ঞাপন করে তাৎপর্যটীকাকার বাচস্পতি মিশ্রও বলেন যে— নিগ্রহস্থানগুলি প্রায়শই অবলম্বন করে বাক্য এবং যুক্তিগুলিকে একথা সত্য, কিন্তু দোষটা পুরুষেরই।

ন্যায়সূত্রকার মহর্ষি গৌতমের মতে সামান্যতঃ নিগ্রহস্থান দ্বিবিধ। যথা— অপ্রতিপত্তিমূলক এবং বিপ্রতিপত্তিমূলক। ভাষ্যকার বাৎস্যায়ন, বার্তিককার উদ্যোতকর এবং তাৎপর্যটীকাকার বাচস্পতি মিশ্রও সামান্যতঃ দ্বিবিধ প্রকার নিগ্রহস্থান স্বীকার করেছেন। যথা— অপ্রতিপত্তিমূলক নিগ্রহস্থান এবং বিপ্রতিপত্তিমূলক নিগ্রহস্থান। কিন্তু অপ্রতিপত্তি এবং বিপ্রতিপত্তিরূপ নিগ্রহের কারণসমূহ বহুবিধ হওয়ায় মহর্ষি তাঁর প্রথম সূত্রের দ্বারা দ্বাবিংশতি প্রকার নিগ্রহস্থানের বিশেষ নামকীর্তনরূপ বিশেষ উদ্দেশ্য করেছেন। মহর্ষির উক্ত এই বাইশটি নিগ্রহস্থান হল যথাক্রমে— প্রতিজ্ঞাহানি, প্রতিজ্ঞাস্তর, প্রতিজ্ঞাবিরোধ, প্রতিজ্ঞাসন্ন্যাস, হেতুস্তর, অর্থাস্তর, নিরর্থক, অবিজ্ঞাতার্থ, অপার্থক, অপ্ৰাপ্তকাল, ন্যূন, অধিক, পুনরুক্ত, অননুভাষণ, অজ্ঞান, অপ্রতিভা, বিক্ষিপ, মতানুজ্ঞা, পর্যনুযোজ্যোপেক্ষণ, নিরনুযোজ্যানুযোগ, অপসিদ্ধাস্ত এবং হেত্বাভাস।^{১০} অনেকের মতে সূত্রোক্ত “চ” শব্দের দ্বারা আরও অনেক নিগ্রহস্থান সমুচ্চয় সূচিত হয়েছে। ভাষ্যকার বাৎস্যায়ন, বার্তিককার উদ্যোতকর এবং তাৎপর্যটীকাকার বাচস্পতি মিশ্র এ বিষয়ে মহর্ষি গৌতমের মতকেই সমর্থন করেছেন।

খ. সূত্রকার মহর্ষি গৌতম ও ভাষ্যকার বাৎস্যায়নের মতানুসারে “প্রতিজ্ঞাসম্মাস” নামক নিগ্রহস্থানের স্বরূপ

ন্যায়সূত্রকার মহর্ষি গৌতম তাঁর ন্যায়দর্শনসূত্রে “প্রতিজ্ঞাসম্মাস” নামক নিগ্রহস্থানের লক্ষণ প্রকাশ করে বলেছেন—“পক্ষপ্রতিষেধে প্রতিজ্ঞাতার্থাপনয়ং প্রতিজ্ঞাসম্মাসঃ” ॥৫॥৫০৯॥ অর্থাৎ, বাদী তাঁর নিজপক্ষ স্থাপনের পর প্রতিবাদী বাদীর পক্ষ প্রতিষেধ করলে বা প্রতিবাদী বাদীর কথিত হেতুতে ব্যভিচারাদি দোষ প্রদর্শনপূর্বক বাদীর পক্ষ খন্ডন করলে, বাদী যদি উক্ত ব্যভিচারাদি দোষ উদ্ধারের উদ্দেশ্যে নিজ প্রতিজ্ঞাতার্থের অপনয় অর্থাৎ অপলাপ বা অস্বীকার করেন, তবে উক্তস্থলে বাদীর “প্রতিজ্ঞাসম্মাস” নামক নিগ্রহস্থান হয়।”

ভাষ্যকার বাৎস্যায়ন একটি উদাহরণ প্রদর্শন দ্বারা এই “প্রতিজ্ঞাসম্মাস” নামক নিগ্রহস্থানের ব্যাখ্যা প্রদান করেছেন। তিনি বলেছেন— ধরা যাক, বিচারে অংশগ্রহণকারী কোনও বাদী “শব্দোহনিত্যঃ ঐন্দ্রিয়কত্বাৎ” এই ন্যায়বাক্য প্রয়োগ করে শব্দরূপ পক্ষে অনিত্যত্বরূপ সাধ্যের সংস্থাপন করলেন। এরপর প্রতিবাদী বাদীর বিরুদ্ধে আপত্তি উত্থাপন করে বললেন যে— বাদীর কথিত ঐন্দ্রিয়কত্বরূপ হেতুটি ব্যভিচারী। কারণ, শব্দ যেমন ইন্দ্রিয়গ্রাহ্য, সামান্য বা জাতিও সেরূপ ইন্দ্রিয়গ্রাহ্য। কিন্তু সামান্য বা জাতি ইন্দ্রিয়গ্রাহ্য হলেও শব্দের ন্যায় অনিত্য নয়, বরং নিত্য। আমরা জানি যে— কোন হেতু যদি সাধ্যের অধিকরণে থাকে, আবার সাধ্যাভাবের অধিকরণেও থাকে তবে ঐ হেতুটিকে বলা হয় অনৈকান্তিক বা ব্যভিচারী। প্রতিবাদীর মতে উক্ত ক্ষেত্রে বাদীর কথিত ঐন্দ্রিয়কত্বরূপ হেতুটি সেরূপ সাধ্য অনিত্যত্বের অধিকরণ শব্দে বর্তমান, সেরূপ সাধ্যাভাবের অধিকরণ অর্থাৎ অনিত্যত্বাভাবের অধিকরণ বা নিত্যত্বের অধিকরণ সামান্যেও বিদ্যমান। সুতরাং, উক্ত হেতুটি ব্যভিচার দোষে দুষ্ট। অতএব, উক্ত ঐন্দ্রিয়কত্বরূপ হেতুটি অনিত্যত্বরূপ সাধ্যের ব্যভিচারী হওয়ায় উক্ত হেতুর দ্বারা বাদী শব্দরূপ পক্ষে অনিত্যত্বরূপ সাধ্যের সাধন করতে সক্ষম হবেন না। সুতরাং, প্রতিবাদী বলেন যে— ইন্দ্রিয়গ্রাহ্য জাতি যেমন অনিত্য নয়, নিত্য; সেরূপ ইন্দ্রিয়গ্রাহ্য হওয়ায় শব্দও নিত্যই হবে, অনিত্য হবে না।”

এরূপে প্রতিবাদী ব্যভিচার দোষের উদ্ভাবনপূর্বক বাদীর পক্ষ প্রতিষেধ করলে, বাদী ব্যভিচার দোষ উদ্ধারের উদ্দেশ্যে বলেন— ‘শব্দ অনিত্য একথা কে বলেছে?’ অর্থাৎ ‘এরূপ প্রতিজ্ঞাবাক্য আমি বলিনি।’ উক্তস্থলে বাদী এরূপে নিজ স্বীকৃত প্রতিজ্ঞাতার্থের অপলাপ বা অস্বীকার করলে, এটি তাঁর বিপ্রতিপত্তি বা ভ্রমজ্ঞানের অনুমাপক হওয়ায় উক্তস্থলে তাঁর “প্রতিজ্ঞাসম্মাস” নামক নিগ্রহস্থান হয়।”

বাদ বিচারে কিন্তু উক্তরূপ নিগ্রহস্থানের উদ্ভাবন সম্ভবপর নয়। বাদ বিচারে অংশগ্রহণকারী পুরুষ পূর্ণ সচেতন অবস্থায় কখনো এরূপে নিজ প্রতিজ্ঞাতার্থের অপনয় বা অপলাপ করতে পারেন না। কারণ, তত্ত্বজ্ঞান লাভই “বাদ”রূপ বিচারের উদ্দেশ্য। সুতরাং যা সত্য, তাকে অস্বীকার করলে তত্ত্বজ্ঞান লাভ সম্ভবপর হয় না।

গ. বার্তিককার উদ্যোতকর ও তাৎপর্যটীকাকার বাচস্পতি মিশ্রের মতানুসারে “প্রতিজ্ঞাসম্মাস” নামক নিগ্রহস্থানের স্বরূপ

“প্রতিজ্ঞাসম্মাস” নামক নিগ্রহস্থানটির স্বরূপ বিষয়ে ভাষ্যকার বাৎস্যায়নের ন্যায় বার্তিককার উদ্যোতকরও বলেন যে—বিচারে অংশগ্রহণকারী কোনও প্রতিবাদী বাদীর কথিত হেতুতে ব্যভিচারাদি দোষ প্রদর্শনপূর্বক

বাদীর পক্ষ প্রতিবেদন বা খন্ডন করলে বাদী যদি নিজ প্রতিজ্ঞাতার্থের অপনয় অর্থাৎ অপলাপ করেন, তবে সেক্ষেত্রে ঐ বাদীর “প্রতিজ্ঞাসন্ন্যাস” নামক নিগ্রহস্থান হয়।^৪ তিনি উক্ত নিগ্রহস্থানটির ক্ষেত্রে ভাষ্যকারের অনুরূপ উদাহরণ প্রদর্শন করেছেন।

কিন্তু বার্তিককারের মতের বিশিষ্টতা হল এই যে— তিনি “প্রতিজ্ঞাসন্ন্যাস” নামক নিগ্রহস্থানের ক্ষেত্রে নিগ্রহের প্রকৃত কারণ বা প্রকৃত দুষকতাবীজের অনুসন্ধানও করেছেন। ভাষ্যকার অপেক্ষা আরও একটু অগ্রসর হয়ে বার্তিককার উদ্যোতকর বলেন যে— উক্ত নিগ্রহস্থানটির কারণ হল বাদীর নিজ কর্তৃক প্রদত্ত হেতুর সামর্থ্য বা শক্তি সম্পর্কে যথার্থ জ্ঞান না থাকা অর্থাৎ এক্ষেত্রে বিপরীত জ্ঞান থাকা।^৫

“প্রতিজ্ঞাসন্ন্যাস” নামক নিগ্রহস্থানটির স্বরূপ সম্পর্কে তাৎপর্যটীকাকার বাচস্পতি মিশ্রও বলেন যে— ধরা যাক, বিচারে অংশগ্রহণকারী কোনও বাদী শব্দরূপ পক্ষে অনিত্যত্বরূপ সাধ্য সাধনের উদ্দেশ্যে ঐন্দ্রিয়কত্বরূপ হেতু প্রয়োগ করার পর প্রতিবাদী বাদীর কথিত ঐ ঐন্দ্রিয়কত্বরূপ হেতুর বিরুদ্ধে ব্যভিচার দোষের আপত্তি উত্থাপন করলেন। এরপর প্রতিবাদীর কথিত উক্ত ব্যভিচার দোষোদ্ধারের উদ্দেশ্যে বাদী যদি বলেন যে— ‘শব্দ অনিত্য একথা কে বলেছে?’, তবে উক্তরূপে বাদী নিজ প্রতিজ্ঞাতার্থের অপনয় বা অপলাপ করায় প্রতিবাদীর পক্ষে ঐ বাদীর বিরুদ্ধে ব্যভিচার বা অনৈকান্তিক দোষের উদ্ভাবন করা আর সম্ভবপর হবে না। কারণ, বাদী কর্তৃক তাঁর প্রতিজ্ঞাটিই অস্বীকৃত হয়েছে। কিন্তু উক্ত দোষোদ্ধারকালে বাদী নিজ প্রতিজ্ঞার অস্বীকার করায় বাদী কর্তৃক নিজ প্রতিজ্ঞার এই অস্বীকারই তাঁর নিগ্রহের কারণরূপে গণ্য হবে এবং উক্ত ক্ষেত্রে ঐ বাদীর পক্ষে “প্রতিজ্ঞাসন্ন্যাস” নামক নিগ্রহস্থানই উদ্ভাবনীয় হবে।^৬

ধর্মকীর্তি তাঁর “বাদন্যায়” নামক গ্রন্থে উক্ত নিগ্রহস্থানটির বিরুদ্ধে আপত্তি উত্থাপন করে বলেন যে— উক্ত ক্ষেত্রে ঐ বাদী যদি প্রতিবাদী তাঁর হেতুতে ব্যভিচারী দোষ প্রদর্শন করা সত্ত্বেও নিজ প্রতিজ্ঞাতার্থের অপনয় বা অপলাপ না করতেন, তবে তিনি কি নিগ্রহস্থান প্রাপ্ত হতেন না? যদি বলা হয় যে— উক্ত ক্ষেত্রে ঐ বাদী পরাজয় প্রাপ্তির পূর্বে হেতুভাসের দ্বারা স্বপক্ষস্থাপন করায়, তিনি পরাজিত হতেন না; তবে প্রশ্ন উত্থাপিত হয় যে : পরবর্তী ক্ষেত্রেই বা “প্রতিজ্ঞাসন্ন্যাস” নামক নিগ্রহস্থানের উদ্ভাবনের প্রয়োজনীয়তা কি?^৭

পূর্বপক্ষীর মতের উল্লেখপূর্বক তার তাৎপর্য বিশ্লেষণ করে বাচস্পতি মিশ্রও বলেন যে— বাদীর পক্ষে সত্যই যদি কোনও দোষ থাকে তবে এক্ষেত্রে সেই দোষের দ্বারাই তো বাদীর নিগৃহীত হওয়ার কথা। তবে উক্তস্থলে কেন “প্রতিজ্ঞাসন্ন্যাস” নামক নিগ্রহস্থান হবে?^৮

তাছাড়া, ধর্মকীর্তি আরও বলেন যে— “প্রতিজ্ঞাসন্ন্যাস” নামক একটি স্বতন্ত্র নিগ্রহস্থান স্বীকার করলে অতিপ্রসঙ্গ হবে। কারণ তাহলে প্রতিবাদীর উত্থাপিত আপত্তির উত্তর প্রদানকালে নীরব থাকলে কিম্বা পলায়ন করলে “নীরব থাকা”, “পলায়ন করা” এগুলিকেও স্বতন্ত্র নিগ্রহস্থানরূপে অভিহিত করতে হবে। অতএব, “প্রতিজ্ঞাসন্ন্যাস” নামক স্বতন্ত্র নিগ্রহস্থান অপ্রাসঙ্গিক।^৯

উক্ত আপত্তির প্রত্যুত্তরে ন্যায়মতের স্বপক্ষে বাচস্পতি মিশ্রের মতানুসারে আমরা বলতে পারি যে— উক্ত ক্ষেত্রে প্রতিবাদী বাদীর বিরুদ্ধে ব্যভিচারাদি দোষের আপত্তি উত্থাপন করায় বাদী উক্ত দোষ খন্ডনের জন্য

“এই প্রকার প্রতিজ্ঞাবাক্য বলা হয়নি” এরূপ মিথ্যাবাক্যের প্রয়োগ করেছেন। অর্থাৎ, তিনি নিজ প্রতিজ্ঞাটিকে অস্বীকার করেছেন। সুতরাং, উক্ত ক্ষেত্রে প্রতিবাদী আর বাদীর পক্ষে ব্যভিচার বা হেত্বাভাসেরও উদ্ভাবন করতে পারেন না বা তদ্বারা তাঁকে নিগৃহীত করতে পারেন না। বাচস্পতি মিশ্রের মতে— বস্তুতঃ পক্ষে ঐ বাদী প্রতিবাদীর উত্থাপিত আপত্তির উত্তর প্রদানকালে নীরব হয়ে থাকলে দোষোদ্ধার কার্যে নিজ অজ্ঞতা স্পষ্টরূপে প্রকাশিত হবে বা প্রকট হয়ে পড়বে— এই কারণবশতঃ সাময়িকভাবে প্রতিবাদীর উত্থাপিত আপত্তির উত্তর প্রদানে নিজ অসামর্থ্য প্রচ্ছাদনের জন্য ও সভাকক্ষে উপস্থিত পরিষৎ বা মধ্যস্থগণের মনযোগকে অন্যত্র পরিচালিত করবার জন্য কিছু বলার নিছক বুদ্ধিমত্তা প্রদর্শনার্থে নিজ স্বীকৃত প্রতিজ্ঞার অস্বীকার করে থাকেন। বাচস্পতি মিশ্র বলেন— প্রতিবাদী, বাদীর বিরুদ্ধে হেত্বাভাসের আপত্তি উত্থাপনের পরই বাদী উক্তরূপে নিজ প্রতিজ্ঞার অপলাপ ঘটান।^{১০} সুতরাং, উক্তস্থলে প্রতিবাদী আর ব্যভিচারাদি দোষের উদ্ভাবনও করেন না। তাছাড়া, ব্যভিচার দোষের উদ্ভাবন করতে গেলেও তৎপূর্বে বাদীর পূর্বোক্ত প্রতিজ্ঞার কথা তাঁকে বলতে হবে এবং বাদী তাঁর প্রতিজ্ঞাটিকে অস্বীকার করলে প্রতিবাদীকে “প্রতিজ্ঞাসম্ম্যাস” নামক নিগ্রহস্থানের উদ্ভাবনও অবশ্যই করতে হবে।

তাৎপর্যটীকাকার বাচস্পতি মিশ্র “প্রতিজ্ঞাসম্ম্যাস” নামক নিগ্রহস্থানটির স্বরূপ আলোচনা প্রসঙ্গে পূর্বপক্ষীগণের মতের অবতারণা করেছেন এবং উক্ত মত খন্ডনপূর্বক “প্রতিজ্ঞাসম্ম্যাস” নামক একটি স্বতন্ত্র নিগ্রহস্থান প্রতিষ্ঠিত করেছেন। বাচস্পতি মিশ্রের মত পর্যালোচনা করলে একথাও বলা যায় যে— বিচারস্থলে কোনও বাদীর প্রতিবাদীর উত্থাপিত আপত্তির উত্তর বিষয়ে সংশয় এবং অজ্ঞতা হেতু সাময়িকভাবে নিজ অসামর্থ্য প্রচ্ছাদনই উক্তস্থলে ঐ বাদীর নিজ স্বীকৃত প্রতিজ্ঞা অস্বীকারের কারণ। সুতরাং, “প্রতিজ্ঞাসম্ম্যাস”রূপ নিগ্রহস্থানটিকে স্বতন্ত্র মর্যাদা প্রদানের ক্ষেত্রে এবং উক্তস্থলে নিগ্রহের প্রকৃত কারণ নিরূপণে তাৎপর্যটীকাকারের মতও নিঃসন্দেহে অভিনব।

নিগ্রহস্থানের স্বরূপ বিষয়ে প্রাচীন ন্যায়ের ইতিহাস পর্যালোচনা করলে পরিলক্ষিত হয় যে— বৌদ্ধ সমালোচনার উত্তর প্রদান করতে গিয়ে বার্তিককার উদ্দ্যোতকর, সূত্রকার মহর্ষি গৌতম এবং ভাষ্যকার বাৎস্যায়নের মতকে কোথাও পরিবর্তিত, কোথাও পরিবর্তিত করেছেন। পরবর্তীকালে বাচস্পতি মিশ্র উদ্দ্যোতকরের মতের তাৎপর্য বিশ্লেষণপূর্বক বৌদ্ধগণের আপত্তিকে প্রতিবেদন করতে সচেষ্ট হয়েছেন। “প্রতিজ্ঞাসম্ম্যাস” নামক নিগ্রহস্থানের স্বরূপ বিষয়ে কোনও পরিবর্তন প্রাচীন ন্যায়ের ইতিহাসে পরিলক্ষিত না হলেও উক্ত স্থলে নিগ্রহের প্রকৃত কারণ নির্ণয় এবং যুক্তিসহ উক্ত নিগ্রহস্থানটির স্বাভাবিক প্রতিষ্ঠার মাধ্যমে ক্রমবিবর্তনের পথ বেয়ে “প্রতিজ্ঞাসম্ম্যাস” হয়ে উঠেছে আরও উপাদেয় এবং যুক্তির নিরিখে গ্রাহ্য।

টীকা ও তথ্যপঞ্জী

- ১। ‘প্রমাণ-প্রমেয়-সংশয়-প্রয়োজন-দৃষ্টান্ত-সিদ্ধান্তাবয়ব-তর্ক-নির্ণয়-বাদ-জঙ্ঘ-বিতণ্ডা-হেতুভাসচ্ছল-জ্ঞাতি-নিগ্রহস্থানানাং তত্ত্বজ্ঞানারিঃশ্রেয়সাধিগমঃ’।— ফণিভূষণ তর্কবাণীশ— ন্যায়দর্শন, অ.১, আ.২, সূত্র— ১, গৌতম, সন—১৯৮১, পৃঃ— ১৮।
- ২। ‘বিপ্রতিপত্তিরপ্রতিপত্তিক্চ নিগ্রহস্থানম্।’ ||১৯||৬০|| —
(ক) ন্যায়দর্শন, অ.১, আ.২, গৌতম, সন —১৯৬৭, পৃঃ—৬৮৩।
- (খ) ফণিভূষণ তর্কবাণীশ— ন্যায়দর্শন, অ.১, আ.২, গৌতম, সন—১৯৮১, পৃঃ—৪৬৭।
- ৩। ‘বিপরীতা বা কুৎসিতা বা প্রতিপত্তির্কিপ্রতিপত্তিঃ।’—
(ক) বাৎসায়ন ভাষ্য, অ.১, আ.২, সূত্র—১৯, ন্যায়দর্শন, সন —১৯৬৭, পৃঃ— ৬৮৩।
- (খ) ফণিভূষণ তর্কবাণীশ — বাৎসায়ন ভাষ্য, অ.১, আ.২, সূঃ— ১৯, ন্যায়দর্শন, সন —১৯৮১, পৃঃ৪৬৭।
- ৪। ‘তিস্রঃ কথা ভবন্তি বাদো জঙ্ঘো বিতণ্ডা চেতি.....।’ —
(ক) বাৎসায়ন ভাষ্য, অ.১, আ.২, সূঃ—১ এর উপর ভূমিকা ভাষ্য, ন্যায়দর্শন, সন —১৯৬৭, পৃঃ— ৫৯৮।
- (খ) ফণিভূষণ তর্কবাণীশ — বাৎসায়ন ভাষ্য, অ.১, আ.২, সূঃ—১ এর উপর ভূমিকা ভাষ্য, ন্যায়দর্শন, সন —১৯৮১, পৃঃ— ৩৬৭।
- ৫। ‘নিগ্রহস্থানানি খলু পরাজয়বন্তুন্যপরাধাধিকরণানি প্রায়েণ প্রতিজ্ঞাদ্যববাস্রায়ণি....।’ (ক) বাৎসায়ন ভাষ্য, অ.৫, আ.২, সূঃ—১ এর উপর ভূমিকা ভাষ্য, ন্যায়দর্শন, সন —১৯৮৫, পৃঃ—১১৬০।
- (খ) ফণিভূষণ তর্কবাণীশ — বাৎসায়ন ভাষ্য, অ.৫, আ.২, সূঃ—১ এর উপর ভূমিকা ভাষ্য, ন্যায়দর্শন, সন—১৯৮৯, পৃঃ—৪৮৮।
- ৬। ‘কঃ পুনঃ শিষ্যাচার্যয়োনিগ্রহঃ? বিবক্ষিতার্থপ্রতিপাদকম্।’— উদ্বোধকর—ন্যায়বার্তিক — ন্যায়দর্শন, অ.১, আ.২, সূঃ—১, গৌতম, সন—১৯৬৭, পৃঃ— ২০।
- ৭। ‘...নিগ্রহস্থানানি তু পরাজয়বন্তুনি অপরাধাধিকরণানি।’— উদ্বোধকর —ন্যায়বার্তিক — ন্যায়দর্শন, অ.৫, আ.২, সূঃ—১ এর ভূমিকা ভাষ্যের উপর বার্তিক, গৌতম, সন—১৯৮৫, পৃঃ— ১১৬০।
- ৮। ‘নিগ্রহস্থানানি পর্যায়াস্তুরেণ স্পষ্টয়তি — অপরাধেতি’। — বাচস্পতি মিশ্র —তাৎপর্যটীকা — ন্যায়দর্শন, অ. ৫, আ. ২, সূঃ—১ এর ভূমিকা ভাষ্যের উপর তাৎপর্যটীকা, গৌতম, সন — ১৯৮৫, পৃঃ - ১১৬০।
- ৯। ‘বিপ্রতিপত্তপ্রতিপত্তোশ্চ পুরুষধর্মদ্বাত্ত পুরুষস্যেতি ...।’ — উদ্বোধকর —ন্যায়বার্তিক — ন্যায়দর্শন, অ.৫, আ.২, সূঃ—১ এর ভূমিকা ভাষ্যের উপর বার্তিক, গৌতম, সন—১৯৮৫, পৃঃ— ১১৬১।
- ১০। ‘‘প্রতিজ্ঞাহানিঃ, প্রতিজ্ঞাস্তবৎ, প্রতিজ্ঞাবিরোধঃ, প্রতিজ্ঞাসন্ন্যাসো, হেতুতরমর্থান্তরক, নিরর্থক্যবিজ্ঞাতার্থপার্থক্যপ্রাপ্তকলং, নুনমধিক, পুনরুজ্জমনভাষণমজ্ঞানমপ্রতিভা, বিক্ষেপো, মতনুজ্ঞা, পর্যায়োজ্যোপেক্ষা, নিরন্যোজ্যানুযোগাহাঙ্গসিদ্ধান্তে হেতুভাসচ্চ নিগ্রহস্থানানি’’ ||১|| ৫০৫|| —
(ক) ন্যায়দর্শন, অ.৫, আ.২, গৌতম, সন —১৯৮৫, পৃঃ—১১৬২।

(খ) ফণিভূষণ তর্কবাগীশ — ন্যায়দর্শন, অ.৫, আ.২, গৌতম, সন — ১৯৮৯, পৃঃ—৪৯১-৪৯২।

১১। “পক্ষত্রিষধে প্রতিজ্ঞার্থাপনয়ং প্রতিজ্ঞাসন্ন্যাসঃ” ||৫||৫০৯|| — ন্যায়দর্শন, অ.৫, আ.২, গৌতম, সন — ১৯৮৫, পৃঃ — ১১৭২।

১২। “অনিত্যঃ শব্দ ঐন্দ্রিয়কত্বাদ্” ইত্যুক্তে পরো ক্রয়াত্সামান্যমৈন্দ্রিয়কং ন চানিত্যম্ এবং শব্দোহপৈন্দ্রিয়কো ন চানিত্য’ ইতি।” — বাৎস্যায়নভাষ্য, অ.৫, আ.২, সূঃ — ৫, ন্যায়দর্শন, সন — ১৯৮৫, পৃঃ — ১১৭২-১১৭৩।

১৩। “এবং প্রতিসিদ্ধে পক্ষে যদি ক্রয়াৎ— ‘কঃ পুনরাহ অনিত্যঃ শব্দ’ ইতি, সোহয়ং প্রতিজ্ঞার্থানিহুবঃ প্রতিজ্ঞাসন্ন্যাস ইতি।” — বাৎস্যায়নভাষ্য, অ.৫, আ.২, সূঃ — ৫, ন্যায়দর্শন, সন — ১৯৮৫, পৃঃ — ১১৭৩।

১৪। “যঃ প্রতিজ্ঞাতমর্থ প্রতিষেধে কৃতে পরিত্যজতি স প্রতিজ্ঞাসংন্যাসো বেদিতব্যঃ।” — উদ্যোতকর — ন্যায়বার্তিক — ন্যায়দর্শন, অ.৫, আ.২, সূঃ — ৫, গৌতম, সন — ১৯৮৫, পৃঃ — ১১৭২।

১৫। “এতত্সাধনসামর্থ্যপরিচ্ছেদাত্ বিপ্রতিপত্তিতো নিগ্রহস্থানমিতি।” — উদ্যোতকর — ন্যায়বার্তিক — ন্যায়দর্শন, অ.৫, আ.২, সূঃ — ৫, গৌতম, সন — ১৯৮৫, পৃঃ— ১১৭৩।

১৬। “ঐন্দ্রিয়কত্বস্য হেতোরনৈকান্তিকত্বোক্তাবনেন শব্দানিত্যত্বপক্ষে প্রতিক্ষিপ্তে বাদী প্রতিবাদিং ব্রূয়াদনৈকান্তিকত্বমুদ্দিবীর্ষুঃ- কঃ পুনরাহানিত্যঃ শব্দ ইতি। যদ্যহমনিত্যঃ শব্দ ইতি প্রতিজ্ঞাতমপ্তৌতুং শক্বেমি তদা ন সামান্যেন নিতেন মে হেতুরনৈকান্তিকের ভবতীতি বুদ্ধয়ানুপস্থিত, সোহয়মেবংবাদী ন শক্যোহনৈকান্তিকত্বেন জেতুম্, অপহুবস্যাপহুবত্বাবেদনেহনৈকান্তিকত্বোক্তারাত্।” — বাচস্পতি মিশ্র — তাৎপর্যটীকা — ন্যায়দর্শন, অ.৫, আ.২, সূঃ — ৫, গৌতম, সন — ১৯৮৫, পৃঃ — ১১৭২-১১৭৩।

১৭। “অত্রাপি যদয়ুজ্জাবিতেহপি হেতোর্ব্যভিচারে ন সপক্ষম্, কিং ন গৃহ্যেত! অনিগৃহ ত এব হেত্বাভাসাভিধানাদিতি চেত্ ? কিমিদানীমুক্তরপ্রতিজ্ঞাসংন্যাসাপেক্ষয়া তস্য তদেবাদ্যং নিগ্রহস্থানমিতি কিমন্যৈরশক্তপরিচ্ছেদৈঃ কীবপ্রলাপপ্রচেষ্টিতৈরূপন্যাস্তৈঃ!” — ধর্মকীর্ত্তি — বাদন্যায়, সন — ১৯৭২, পৃঃ — ৯২ - ৯৩।

১৮। “তত্র কিমপহুবত্বমুক্তাব্যনৈকান্তিকত্বং ব্যবস্থাপ্য নিগৃহ্যতাম্, অনাপহুবাদেবেতি সংশয়ে অপহুবত্বোক্তাবনেনৈব পূর্বাপরপরহাতের্নিগৃহ্যতে, ...।” — বাচস্পতি মিশ্র — তাৎপর্যটীকা — ন্যায়দর্শন, অ.৫, আ.২, সূঃ — ৫, গৌতম, সন — ১৯৮৫, পৃঃ—১১৭৩।

১৯। “এবং হি অতিপ্রসঙ্গঃ স্যাৎ। পক্ষপ্রতিষেধে তৃষ্ণীশ্ববতস্তৃষ্ণীস্তাবো নাম নিগ্রহস্থানম্; প্রপলায়মানস্য প্রপলায়িতং নামেতি এবমাদপি বাচ্যং স্যাৎ। তস্মাদেতদপি অসম্বন্ধমিতি।” — ধর্মকীর্ত্তি — বাদন্যায়, সন — ১৯৭২, পৃঃ — ৯৩।

২০। “ন হি তৃষ্ণীংভাবেন প্রলপিতাভির্বা শক্যমনৈকান্তিকত্বমুক্তত্বং, যথা প্রতিজ্ঞার্থাপহুবেন। ন চৈতে হেত্বাভাসোক্তাবনস্য পূরস্তান্তনাঃ। তস্মাদেতদপ্যনিকপিতাভিধানাদ্ যত্নিক্ষিপ্তি।” — বাচস্পতি মিশ্র — তাৎপর্যটীকা — ন্যায়দর্শন, অ.৫, আ.২, সূঃ—৫, গৌতম, সন— ১৯৮৫, পৃঃ — ১১৭৩।

বিবেকানন্দের সাহিত্যভাবনা : একটি সংক্ষিপ্ত পর্যালোচনা

তপন কুমার দে

ভূমিকা : রামকৃষ্ণ পরমহংস দেবের ভাবশিষ্য স্বামী বিবেকানন্দ প্রচলিত অর্থে সাহিত্যিক ছিলেন না, তিনি ছিলেন দার্শনিক, ধর্মপ্রচারক এবং শিক্ষাবিদ। তথাপি তাঁহার দর্শন চিন্তা তাঁহাকে যেরূপ মান্যতা দিয়াছে, তাঁহার হিন্দুধর্ম প্রচার তাঁহাকে যতটা বিশ্বপরিচয় লাভে সহায়তা করিয়াছে, তাঁহার শিক্ষা চিন্তার মধ্যে যতটা গভীরভাবে মূল্যবোধ ও প্রায়োগিতার সমন্বয় ঘটিয়া ইহাকে অনন্য করিয়া তুলিয়াছে, অনুরূপভাবে তাঁহার সাহিত্য ভাবনা বাংলা সাহিত্যের ইতিহাসে নীরব লেখনী বিপ্লব ঘটাইয়া ইহাকে সাধারণের বোধগম্য করিয়া তুলিয়াছে। বিবেকানন্দ অপরাপর সাহিত্যিকদের মতো নাটক-নভেল বা গল্প লেখেননি। সুতরাং প্রচলিত সাহিত্যিকদের মতো তাঁহার হৃদয় রসের দ্বারা জারিত লেখনির মাধ্যমে তাঁহার সাহিত্যের বিচার করা অনাবশ্যক। নাটক বা গল্পের চরিত্র চিত্রণের মধ্য দিয়া সমাজের সমসাময়িক বাস্তবতাকে প্রতীকের মাধ্যমে চিত্রিত করিয়া সমাজকে সচেতন করিবার দায়িত্বটুকু পালন করিয়া তাঁহার মতো কর্মবীরের পক্ষে নিশ্চেষ্ট থাকা সম্ভব ছিল না। তাই সাহিত্য রচনা অপেক্ষা দরিদ্র ভারতবাসীর দরিদ্রমোচনের মহান ব্রতে ব্রতী হইয়াছিলেন, সেই সঙ্গে আত্মবিস্মৃত ভারতবাসীর, বিদেশী সংস্কৃতির আনুগামী ভারতবাসীর মনকে প্রকৃত অর্থে নাড়া দিবার এবং ভারতবর্ষকে জগৎসভায় শ্রেষ্ঠত্বের আসনে অধিষ্ঠিত করিবার নিমিত্ত প্রয়াস পাইয়াছিলেন।

এই মহান ব্রত উদ্যাপন কালে বিবেকানন্দ যেভাবে তাঁহার ভারত ভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা করিয়া গিয়াছেন, যেভাবে বিদেশীদের কাছে এবং স্বদেশীদের কাছে আপন জ্বালাময়ী বক্তৃতার মাধ্যমে ভারতীয় সংস্কৃতির স্বরূপ তুলিয়া ধরিয়াছেন, যেভাবে সনাতন হিন্দুধর্মের যথার্থ অর্থ ও তাৎপর্য সমগ্র বিশ্বের দরবারে উপস্থাপিত করিয়াছেন সেই রীতির মতোই বিবেকানন্দের সাহিত্য ভাবনার প্রতিফলন ঘটিয়াছে। সেই সঙ্গে রহিয়াছে তাঁহার পত্রাবলী, যেগুলি তিনি স্বহস্তে রচনা করিয়া বিভিন্ন বিষয় সম্পর্কে আপন মনের ভাবনার প্রতিচ্ছবি তুলিয়া ধরিয়াছেন। বিবেকানন্দের সাহিত্য আলোচনায় এই পত্রগুলির মূল্য অপরিসীম। আর রহিয়াছে তাঁহার গুটিকয় কবিতা। এই কবিতাগুলিও বিবেকানন্দের সাহিত্য অনুসন্ধানের সহায়ক হইবে – সন্দেহ নাই। সুতরাং প্রচলিত অর্থে সাহিত্যিক না হইয়াও বিবেকানন্দের বিভিন্ন বক্তৃতা, পত্রাবলী এবং কবিতাসকল তাঁহার সাহিত্যিক মনের প্রচ্ছন্ন পরিচয় বহন করিয়া চলিয়াছে। আমার এই ক্ষুদ্র প্রবন্ধ তাঁহার সাহিত্য মানসের পরিচয়কে প্রস্তুত করিবার অগভীর প্রয়াস মাত্র। আমার এই প্রয়াস বিন্দুমাত্র সদর্থক ভূমিকা পালন করিলে কৃতার্থবোধ করিব।

বিবেকানন্দের সাহিত্য ভাবনা অনুসন্ধানের পূর্বে সাহিত্য কাহাকে বলে – সেই সম্বন্ধে দুইচারি কথা বলিয়া লওয়া আবশ্যিক। ‘সহিত + য’ – এই হইল ‘সাহিত্য’ শব্দটির ব্যুৎপত্তি। ইহার অর্থ ‘মিলন’ বা ‘সমভাব’ বা ‘সহিত্যভাব’। এই অর্থে তাহাই সাহিত্য পদবাচ্য হইবে যাহা পরোক্ষভাবে ব্যক্তিতে ব্যক্তিতে মিলন ঘটাইয়া দেয় বা যাহা হৃদয়ের সহিত হৃদয়ের যোগসূত্র রচনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বচনের

মধ্যে অনির্বচনীয়তা, বাচ্যার্থের মধ্যে ব্যঞ্জনা, ভাষার মধ্যে ভাষাতীতকে প্রকাশ করাই সাহিত্যের লক্ষ্য।

সাহিত্যের দুটি ভাগ- মনন সাহিত্য (Literature of Knowledge) এবং রসসাহিত্য (Literature of Power)। আলেক জাগার পোপ-এর মতে, 'The function of the first is to teach; the function of the second is to move. The first speaks to the more discursive understanding; the second speaks ultimately it may happen to the understanding or reason, but always through affections of pleasure and sympathy.'^{১১} এই বক্তব্যের বিশ্লেষণ করিয়া বলা যায় যে, মনন সাহিত্য চায় শিক্ষা দিতে। অর্থাৎ ইহার ভূমিকা শিক্ষকের। আর অপরটির ভূমিকা পাঠকের মনে অনাবিল আনন্দের রসধারা সৃষ্টি করা।

বাংলা সাহিত্য কখনোই একই ধারায় বা একই পাথে প্রবাহিত হয় নাই। বরং যুগে যুগে বিভিন্ন ধারায় প্রবাহিত হইয়া বাংলা সাহিত্যকে শাখা-প্রশাখায় পল্লবিত করিয়াছে। বিবেকানন্দের সাহিত্যভাবনার উজ্জ্বল প্রকাশ বাংলা সাহিত্যের ইতিহাসকে নানাভাবে সমৃদ্ধ করিয়াছে। সাহিত্য রচনায় বিবেকানন্দের নিজস্ব ধারা তাঁহার অনন্য প্রতিভার বাহক। এই প্রসঙ্গে মন্তব্য করিতে গিয়া প্রণবরঞ্জন ঘোষ বলিয়াছেন, "বাংলা সাহিত্যের ইতিহাসে স্বামীবিবেকানন্দের নিজস্ব বৈশিষ্ট্য সম্বন্ধে ঐতিহাসিকেরা সাধারণত একমত। স্বামীজীর শৌর্যদগ্ধ আত্মসমাহিত ব্যক্তিত্ব তাঁর রচনাবলীতে একটি বিশেষ বাক্‌ভঙ্গী বা শৈলীর সৃষ্টি করেছে, যার তুলনা ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে বা বিংশ শতাব্দীর সূচনায় বাংলা গদ্যে দুর্লভ।"^{১২}

বিবেকানন্দের সাহিত্যিক সত্তার প্রকাশ ঘটিয়াছে 'উদ্বোধন' পত্রিকার আত্মপ্রকাশ উপলক্ষ্যে। 'উদ্বোধন' পত্রিকার আত্মপ্রকাশ উপলক্ষ্যে স্বামীজী একটি প্রস্তাবনা রচনা করেন। এই প্রস্তাবনাতেই 'উদ্বোধন' পত্রিকার বিষয়বস্তু সম্পর্কে স্বামীজী আলোকপাত করেন। যে আদর্শ এবং উদ্দেশ্যকে সামনে রেখে স্বামীজীর মানস কন্যারূপে 'উদ্বোধন' পত্রিকার আত্মপ্রকাশ তাঁহার সম্পর্কে বিশদ বর্ণনা রহিয়াছে উক্ত পত্রিকাটির প্রস্তাবনায়। স্বস্ত্রে রচিত এই প্রস্তাবনাকেই স্বামীজীর সচেতন সাহিত্য প্রয়াসের প্রথম পদবিক্ষেপ বলিয়া বিশেষজ্ঞ গণ অভিमत প্রকাশ করিয়াছেন। বিবেকানন্দের অন্যতম উদ্দেশ্য ছিল বিশ্বের দরবারে আধ্যাত্মিকতার পীঠস্থান, মহামিলনের তীর্থক্ষেত্র, যোগীদের যোগসাধনার ভিত্তিভূমি, মানব কল্যাণের নিমিত্ত অবতরিত অবতারগণের লীলাক্ষেত্র ভারতবর্ষকে বিশ্বের দরবারে উপস্থাপিত করা এবং ভারতীয় সারসত্তার মহিমা প্রচারের মাধ্যমে বিশ্বের দরবারে ভারতবর্ষকে শ্রেষ্ঠত্বের আসনে অধিষ্ঠিত করা। অন্যদিকে বিশ্বে তথা ইউরোপে যে কর্ম চঞ্চলতার বিকাশ ঘটিয়াছে তাহাকেও ভারতীয়দের নিকট পরিচিত করার মহান ব্রত তিনি গ্রহণ করিয়াছিলেন। এই মহান ব্রত উদ্যাপনের মাধ্যম রূপে 'উদ্বোধন' পত্রিকা কার্যকরী ভূমিকা পালন করিয়াছিল এবং আজও পালন করিয়া চলিয়াছে। স্বামীজীর সাহিত্য সৃষ্টির এবং সাহিত্যিক সত্তার আত্মপ্রকাশের মাধ্যম হিসাবে 'উদ্বোধন' পত্রিকার ভূমিকা অসামান্য।

'ভাববার কথা', 'বর্তমান ভারত', 'পরিব্রাজক' এবং 'প্রাচ্য ও পাশ্চাত্য' – বিবেকানন্দের এই চারটি রচনা বাংলা সাহিত্যে সুপরিচিত। এই লেখাগুলির সবই প্রকাশিত হইয়াছে 'উদ্বোধন' পত্রিকার প্রথম হইতে চতুর্থ বর্ষের মধ্যে। বাংলা সাহিত্যে প্রতিষ্ঠিত রচনাকারদের মধ্যে বিবেকানন্দকে শ্রেষ্ঠত্বের আসনে অধিষ্ঠিত করিয়াছে তাঁহার রচনাগুলি।

‘ভাববার কথা’ প্রবন্ধটি ১৩০৪ সনে রামকৃষ্ণদেবের ৫৬ তম জন্মোৎসবকালে ‘হিন্দুধর্মকি’ নামে পুস্তিকাকারে প্রথম প্রকাশিত হয়। এই রচনাটিতে হিন্দুধর্মের স্বরূপ বিশ্লেষণ করিতে গিয়া স্বামীজী বেদ-এর উল্লেখ করিয়াছেন। তিনি বলিয়াছেন, “সর্বজনীন ধর্মের ব্যাখ্যাতা একমাত্র ‘বেদ’।”^৩ এই পুস্তিকায় সনাতন হিন্দু ধর্মের নবোত্থানের কথা স্বামীজী স্পষ্ট ভাষায় ব্যক্ত করিয়াছেন এবং এই নবযুগ ধর্মকে ভারতবর্ষ তথা সমগ্র জগতের কল্যাণের নিদানরূপে নির্দেশ করিয়াছেন। এই পুস্তিকাতেই রহিয়াছে স্বামীজীর বক্তৃৎসবিনাদ কণ্ঠে উচ্চারিত আহ্বান, “মৃতব্যক্তি পুনরাগত হয় না। গতরাত্রি পুনর্বীর আসে না। বিগতোচ্ছাস সে রূপ আর প্রদর্শন করে না। জীব দুইবার একদেহ ধারণ করে না। হে মানব, মৃতের পূজা হইতে আমরা তোমাদিগকে জীবন্তের পূজাতে আহ্বান করিতেছি। লুপ্তপন্থার পুনরুদ্ধারে বৃথা শক্তিক্ষয় হইতে সদানির্মিত বিশাল ও সন্নিকট পথে আহ্বান করিতেছি;”^৪ বিবেকানন্দের এই অগ্নিবাদী সাহিত্যের সংগ্রামী ভাণ্ডারকে পূর্ণ করিয়াছে, নিছক ভাবালুতার মোড়ক হইতে মুক্ত করিয়া নির্দিষ্ট গতিপথে সঞ্চালিত করিয়াছে— সন্দেহ নাই।

বাংলা সাহিত্যের ইতিহাসে যে কয়েকটি রচনা মনন সাহিত্য হিসাবে অমর হইয়া রহিয়াছে তাহাদের মধ্যে বিবেকানন্দের ‘বর্তমান ভারত’ – অন্যতম। ‘বর্তমান ভারত’ ‘উদ্বোধন’ পত্রিকার প্রথম বর্ষের ষষ্ঠ সংখ্যা হইতে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়। এই রচনাটিতে বিবেকানন্দের অন্তরের অন্তঃস্থল হইতে উখিত হইয়াছে ভারতীয়ত্বের প্রকৃত স্বরূপ। এককথায় বলা যায়, ইহা আসলে বিবেকানন্দের সমাজ চেতনা। বিশ্লেষণী দৃষ্টি দ্বারা সমাজের ইতিহাসের গতিপথকে তুলিয়া ধরা, অধ্যাত্ম সাধনার কেন্দ্রভূমি রূপে, আধ্যাত্মিকতার পীঠস্থান হিসেবে ভারতমাতাকে শ্রেষ্ঠত্বের আসনে অধিষ্ঠিত করা ইত্যাদি বিষয়ের অপূর্ব সংমিশ্রনে এক বিশিষ্টরূপের প্রকাশ ঘটিয়াছে বিবেকানন্দের ‘বর্তমান ভারত’-এ। যে ভারতবর্ষকে বিবেকানন্দ চিত্রিত করিয়াছেন তাহা কেবল ভৌগলিক সীমানা নির্ধারিত ভূপ্রকৃতি ও নদ-নদীর সমষ্টিমাত্র নহে, এই ভারতবর্ষ বিবেকানন্দের আধ্যাত্মিক চেতনার প্রতীক, বিশ্বমানবের মননশীলতা প্রকাশের সাধনক্ষেত্র, সাধারণ মানুষের চিরন্তন জীবন প্রবাহের কর্মভূমি। এই গ্রন্থেই সমাজবিবর্তনের ধারায় বৌদ্ধবিপ্লবের আবির্ভাব এবং তাহার ফলশ্রুতিতে পুরোহিত শক্তির অবক্ষয় এবং রাজশক্তির বিকাশ-এর বিষয়টি ঐতিহাসিক দৃষ্টিভঙ্গি লইয়া বিবেকানন্দ অপূর্ব শব্দ চয়নের মাধ্যমে বিধৃত করিয়াছেন। এই রচনাতেই সমাজবিবর্তনের ধারায় বৈশ্যশক্তির অভ্যুদয় চিত্রিত হইয়াছে ঐতিহাসিক বিশ্লেষণের পটভূমিতে। তিনি বলিয়াছেন, “যে বৈশ্যকুল রাজগণের কথা দূরে থাকুক, রাজকুটুম্বগণের কাহারও সন্মুখে মহাধনশালী হইয়াও সর্বদা বদ্ধহস্ত ও ভয়গ্রস্ত – মুষ্টিমেয় সেই বৈশ্য একত্রিত হইয়া ব্যাপার অনুরোধে নদী সমুদ্র উলঙ্ঘন করিয়া কেবল বুদ্ধি ও অর্থবলে ধীরে ধীরে হিন্দু-মুসলমান রাজগণকে আপনাদের ক্রীড়াপুত্তলিকা করিয়া ফেলিবে, শুধু তাহাই নহে, স্বদেশীয় রাজন্যগণকেও অর্থবলে আপনাদের ভৃত্যত্ব স্বীকার করাইয়া তাঁহাদের শৌর্য – বীর্য ও বিদ্যাবলকে নিজেদের ধনাগমের প্রবল যন্ত্র করিয়া লইবে...”^৫

বৈশ্যশক্তির অভ্যুদয়ের এই প্রবল সম্ভাবনা বিবেকানন্দের মননশীলতার প্রকাশ, মনন সাহিত্যের অন্যতম গুরুত্বপূর্ণ দিক। বৈশ্যদের অভ্যুদয় বিবেকানন্দের সমাজ বিবর্তনের শেষ ধাপ নহে। ব্রাহ্মণ, ক্ষত্রিয় এবং বৈশ্য— এই তিন সম্প্রদায় যাহাদের পরিশ্রমকে ভিত্তি করিয়া আপন-আপন আধিপত্য বিস্তার করিয়াছে – সেই শূদ্র জাগরণকে বিবেকানন্দ নবভারত গঠনের প্রথম পদবিক্ষেপ বলিয়া অভিহিত করিয়াছেন। ইতিহাস নির্ভর সমাজবিবর্তনের এই ধারা বিবেকানন্দকে মননসাহিত্যের শ্রেষ্ঠ সাহিত্যিকদের সহিত সমপঙ্ক্তিতে

অধিষ্ঠিত করিয়াছে – উক্ত বিষয়ে কোন সন্দেহ নাই।

স্বামীজীর ‘বর্তমান ভারত’ আসলে তাঁহার চিরআরাধ্যা ভারতমাতার প্রাণসত্তার জাগরণ কল্পে উৎসর্গীকৃত একটি অনবদ্য রচনা। তৎকালীন ভারতবর্ষের সমস্যাবলী সম্পর্কে স্বামীজী সম্পূর্ণভাবেই সচেতন ছিলেন। তবে তিনি কেবল সমস্যাভাজরীত ভারতবর্ষের ক্রমোপগতির বিষয়টিকে চিত্রিত করিয়া ক্ষান্ত হন নাই: বরং দারিদ্র, অশিক্ষা, জাতিভেদ ও অনৈক্যের প্রতীক স্বরূপ ভারতবর্ষের অন্তরসত্তার অনুসন্ধানে তিনি আত্মনিয়োগ করিয়াছিলেন। সমগ্র ভারতবর্ষ পরিক্রমা করিয়া তাঁহার এই উপলব্ধি হইয়াছিল যে, ভারতের আবেগময়, গতিময় প্রাণ সত্তা এখনো জাগ্রত। ‘বর্তমান ভারত’ – এর কেন্দ্রীয় বিষয় ছিল সমস্ত সমস্যার অন্তরালে অবস্থিত এই প্রাণসত্তাকে স্বদেশী এবং বিদেশীদের নিকট উপস্থাপিত করা। স্বামীজীর মুখনিঃসৃত ‘ভারতবর্ষ’ শব্দটির কি সুদূরপ্রসারী প্রভাব ছিল তাহা জানা যায় ভগিনী ক্রিস্টিনের স্মৃতি কথা হইতে। তিনি লিখিয়াছেন, “ভারতবর্ষের প্রতি গভীর ভালোবাসার উন্মোষ ঘটয়াছিল আমাদের হৃদয়ে সেইদিন হইতে, যেদিন তাঁহার সেই অপূর্ব কণ্ঠে ‘ভারতবর্ষ’ শব্দটি উচ্চারিত হইতে শুনিয়াছিলাম। মাত্র পঞ্চ অক্ষর বিশিষ্ট ‘ভারতবর্ষ’ শব্দটিতে এত গভীর বিষয় অন্তর্নিহিত যে তাহা অবিশ্বাস্য বলিয়া মনে হয়। এই শব্দটি ভালোবাসা, আবেগ, গর্ব, এষণা, পূজা, বিষাদ শৌর্য, গৃহ ব্যাকুলতা – প্রভৃতি সমস্ত কিছুর অপূর্ব সমন্বয়ে রচিত। এই ছোট শব্দটি অপরের হৃদয়ে যে আলোড়ন সৃষ্টি করিতে সক্ষম তাহা বোধকরি একটি সমগ্র গ্রন্থাবলীও পারিত না। যাঁহারা তাঁহার মুখনিঃসৃত এই শব্দটি শ্রবণ করিয়াছে তাঁহাদের হৃদয়ে জাদুমন্ত্রের মতো ভালোবাসা উৎসারিত হইয়াছে। তাহার পর হইতেই হৃদয়ের একমাত্র আকাঙ্ক্ষার ধন হইয়া উঠিয়াছে – ‘ভারতবর্ষ’। ভারতবর্ষের মানবকুল, উহার ইতিহাস, স্থাপত্য, আচার-আচরণ, নদী, পর্বত, সমতল, সংস্কৃতি, শাস্ত্র, অধ্যাত্ম ধ্যান-ধারণা-প্রতিটি বিষয় তাঁহাদের কাছে জীবন্ত আগ্রহের বিষয় হইয়া উঠিয়াছে। তদবধি ধ্যান ও মননের এক নতুন জীবন চর্চার সূত্রপাত।”^৬

আসলে বিবেকানন্দের নিকট ভারতবর্ষ কেবল একটি ভৌগোলিক সীমারেখার প্রতীক নহে, উহা পরিপূর্ণ সারসত্তার সমাহার। মহামিলনের এই দৃষ্টি বাংলা সাহিত্যে নবদিগন্তের সূচক। সাহিত্যকে যদি অন্তরের সহিত অন্তরের যোগসাধনের মহামন্ত্র বলা হয় তাহা হইলে বিবেকানন্দের এই রচনার সাহিত্যমূল্য আক্ষরিক অর্থেই অপরিমেয়।

১৮৯৯ সালের ২০শে জুন স্বামীজী দ্বিতীয় বারের জন্য বিদেশযাত্রা করেন। এই বিদেশযাত্রাকালে উদ্বোধন পত্রিকার জন্য যে সমস্ত পত্রগুলি লিখিয়া পাঠাইয়াছিলেন প্রথম ও দ্বিতীয় বর্ষের সংখ্যায় ‘বিলাতযাত্রির পত্র’ নামে প্রকাশিত হয়। পরবর্তীকালে উদ্বোধন কর্তৃপক্ষ উক্ত লেখাগুলিকে একত্রিত করিয়া ‘পরিব্রাজক’ নামে প্রকাশ করেন। এই গ্রন্থে বিবেকানন্দ যেরূপে সৌন্দর্য দর্শনের বর্ণনা দিয়াছেন তাহা সৌন্দর্য দৃষ্টির শ্রেষ্ঠ উদাহরণ। উক্ত গ্রন্থে বিবেকানন্দের সৌন্দর্যরস প্রস্তুতি হইয়াছে তাঁহার লেখনীতে। উদ্বোধন পত্রিকার সম্পাদক ত্রিগুণতানন্দকে লিখিতেছেন, “কোথায় তোমায় সাতদিন সমুদ্রযাত্রার বর্ণনাদেবো, তাতে কত রঙ চঙ মসলা বার্ষিক থাকবে, কত কাব্যরস ইত্যাদি, আর কিনা আবেল তাবোল বকছি। ফলকথা, মায়াবী ছালটি ছাড়িয়ে ব্রহ্মফলটি খাবার চেষ্টা চিরকাল করা গেছে, এখন খপ করে স্বভাবের সৌন্দর্যবোধ কোথা পাই বলো।”^৭

এই রচনাতে রহিয়াছে হ্রীকেশের গঙ্গার নির্মল নীলাভ জলরাশি এবং সেই জলরাশিতে মৎস্যকুলের নির্ভয় বিচরণের অপরূপ বর্ণনা। একই সঙ্গে রহিয়াছে বাংলা দেশের রূপের প্রতি তাঁহার গভীর টানের প্রসঙ্গ। রহিয়াছে বঙ্গোপসাগরের বর্ণনা। বিচিত্র যাত্রী সমাহারের বর্ণনা বিবেকানন্দের কাব্যরসিক সত্তাকে অমরত্ব দান করিয়াছে। পালওয়াল জাহাজের অনুপম উপমা সহ বর্ণনা সাহিত্যিক বিবেকানন্দের অঙ্গুষ্টির পরিচায়ক। তিনি লিখিয়াছেন, “পালভরে জাহাজ চালানো একটি অশ্রম আবিষ্কার। হাওয়া যেদিকে থাকে না কেন, জাহাজ আপনার গম্যস্থানে পৌঁছবেই পৌঁছবে। তবে হাওয়া বিপক্ষ হলে একটু দেবী। পালওয়াল জাহাজ যেমন দেখতে সুন্দর, দুরে বোধহয়, যেন বহুবিশিষ্ট পক্ষিরাজ আকাশ থেকে নামছেন।”^৬

১৩০৯ সালে স্বামীজীর মৌলিক মুদ্রিত গ্রন্থ হিসাবে ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থটি সর্বপ্রথম প্রকাশিত। এই গ্রন্থে স্বামীজী ‘প্রাচ্য’ এবং ‘পাশ্চাত্য’ – এই দুই পৃথিবীর মৌলিক পাথকের বিষয়টি যেমন প্রশংসিত করিয়াছেন, তেমনই সভ্যতা ও সংস্কৃতির আদান-প্রদানের মিলন সেতুটি রচনা করিয়া তথাকথিত বিশ্বায়ন পর্বের সূচনা করিয়া গিয়াছেন। মনে রাখিতে ইহবে, সেই সময় সর্বত্র পাশ্চাত্য প্রভাবের প্রবল বন্যা বিপুলভাবে আছড়াইয়া পড়িয়াছে, আর সমগ্র প্রাচ্য তথা ভারতবর্ষ সেই প্রভাবকে অনুসরণ এবং অনুকরণ করাকেই তাহাদের ধ্যান-জ্ঞান করিয়া তুলিয়াছে। ভারতবাসী আত্মবিষ্মত হইয়া পাশ্চাত্যের প্রবল জয়ধ্বনি করত ভোগবাদের স্বথাত সলিলে নিমজ্জমান হইয়া হাঁসফাঁস করিতেছে। স্বামীজী এই প্রাণান্তকর অবস্থা হইতে ভারতবাসীকে উথিত হইবার বলিষ্ঠ আহ্বান জানাইয়াছেন। বিবেকানন্দ এই দুই পৃথিবীর পাথকের বিষয়টি উপস্থাপিত করতে গিয়া বলিয়াছেন, “পাশ্চাত্যে উদ্দেশ্য ব্যক্তিগত স্বাধীনতা, ভাষা-অর্থকরী বিদ্যা, উপায়-রষ্টনীতি। ভারতে উদ্দেশ্য-মুক্তি, ভাষা-বন্দ, উপায়-ভাগ।”^৭

এই একই গ্রন্থে তিনি শিক্ষিত সমাজের সোদাগর্যমানতার কথাটি স্পষ্ট করিয়া ব্যক্ত করিয়াছেন। তথাকথিত শিক্ষিত সম্প্রদায় উদ্ভ্রান্ত পৃথিবীর মতো দিগ্ভ্রান্ত হইয়া ইতঃস্ততঃ করিতেছে। এই অবস্থা বর্ণনা করিতে গিয়া স্বামীজী বলিতেছেন, “বর্তমান ভারত একবার যেন বৃষ্টিতেছে, বৃথা ভবিষ্যৎ অধ্যয়নকলাগণের মোহে পড়িয়া ইহলোকের সর্বনাশ করিতেছি; আবার মন্ত্রমুগ্ধবৎ শুনিতেছে ইতি সংসারে শৃঙ্খলার দোষঃ। কহমিহ মানব তব সন্তোষঃ”^৮

এই বিভ্রান্তি হইতে ভারতবাসীকে মুক্ত করিবার দৃঢ় সঙ্কল্প ঘোষিত হইয়াছে উক্ত গ্রন্থটিতে। তিনি বারবার বলিয়াছেন যে, পাশ্চাত্যের সকল বিষয়ই ভালো অথবা খারাপ নহে। তিনি এখানে মধ্যমস্থা অবলম্বনের পক্ষপাতী। পাশ্চাত্যের জ্ঞান-বিজ্ঞান, শিক্ষা-সংস্কৃতি, সমাজ ও সভ্যতার ভালোদিকগুলিকে ভারতীয় মূল্যবোধের উপর ভিত্তি করিয়া গ্রহণ করিবার পক্ষপাতী।

প্রাচ্য এবং পাশ্চাত্য – এই দুই পৃথিবীর মহামিলনের মন্ত্রটি ঘোষিত হইয়াছে উদ্বোধন পত্রিকার আদর্শ আলোচনা প্রসঙ্গে। সেখানে তিনি বলিয়াছেন, “ভারতের বায়ু শান্তি প্রধান, যবনের প্রাণ শক্তি প্রধান; একের গভীর চিন্তা, অপরের অদম্য কার্যকারিতা; একের মূলমন্ত্র ভাগ্য; অপরের ভোগ; একের সর্বচেষ্টা অঙ্গুষ্ঠী, অপরের বহিমুখী; একের প্রায় সর্ববিদ্যা অধ্যয়ন, অপরের অধিভূত; একজন মুক্তি প্রিয়, অপর স্বাধীনতা প্রাণ; একজন ইহেলক কলাগলাতে নিকংসাহ, অপর এই পৃথিবীকে স্বর্গভূমিতে পরিণত করতে প্রাণপন; একজন নিত্যসুখের আশায় ইহলোকের অনিত্যসুখকে উপেক্ষা করিতেছেন, অপর নিত্যসুখে সন্দিহান হইয়া দূরবর্তী জানিয়া যথাসম্ভব বাহ্যিক সুখলাভে সমুদাত;... ভারত হইতে সমানীত সত্ত্বধারার উপর পাশ্চাত্য

জগতের জীবন নির্ভর করিতেছে। নিশ্চিত এবং নিম্নস্তরে তমোগুণকে পরাহত করিয়া রজোগুণ প্রতিবাহিত না করিলে আমাদের ঐহিক কল্যাণের বিয়ু উপস্থিত হইবে, ইহাও নিশ্চিত। এই দুই শক্তির সম্মিলনের ও মিশ্রনের যথাসাধ্য সহায়তা করা উদ্বোধনের জীবনোদ্দেশ্য।”^{১১}

তবে সাহিত্যের যে ধারাটির সহিত বিবেকানন্দের সাহিত্যের ঘনিষ্ঠ যোগ রহিয়াছে তাহা পত্রসাহিত্য। বিভিন্ন সময়ে রচিত বিবেকানন্দের পত্রাবলী তাঁহার সাহিত্য ভাবনার অন্যতম প্রকাশ ক্ষেত্র। আর বিবেকানন্দের কবিতাগুলিতে রহিয়াছে বীররস, হাস্যরস, শাস্ত্ররসের প্রকাশ। এই সমস্ত বিষয়গুলি বিবেকানন্দের সাহিত্য ভাবনাকে পুষ্ট করিয়াছে। গভীরভাবে অধ্যয়ন করিলে বিবেকানন্দের সাহিত্য – ভাবনার অন্তর্লোকে উক্ত বিষয় সমূহের অনুসৃত থাকার বিষয়টি স্পষ্ট হইবে। শুধু তাহাই নহে, তাঁহার সাহিত্য ভাবনার গতিপ্রকৃতিও অনুধাবন করা সহজতর হইবে।

সাহিত্য রচনায় ভাষার ভূমিকা অতীব গুরুত্বপূর্ণ। তবে বিবেকানন্দ যেহেতু প্রচলিত অর্থে সাহিত্যিক ছিলেন না, সেই হেতু তিনি ভাষা লইয়া ততখানি ভাবিত ছিলেন না। তথাপি ভাষা ভাবের বাহন বলিয়া এবং ভাষা বাতীত অব্যক্তকে ব্যক্ত করিবার উত্তম ও কার্যকরী পন্থা অনুপস্থিত বলিয়া বিবেকানন্দ আপন বক্তৃতা ও পত্ররচনা কালে ভাষার একটি সহজসরলরূপ অনুসরণ করিতে পরামর্শ দিতেন। সংস্কৃত যেষা বাংলা ভাষা অপেক্ষা চলিত ভাষা ব্যবহারেরই তিনি পক্ষপাতী ছিলেন। তিনি মনে করিতেন যে, সহজ-সরল ভাষায় দুরূহ ও জটিল তত্ত্বের বর্ণনা সাধারণ মানুষকে বিষয়-বস্তুর নিকটে পৌঁছাইতে সাহায্য করিবে। শুধু তাহাই নহে, এত দ্বারা সাধারণ মানুষের সহিত শিক্ষিত সম্প্রদায়ের যে অপারসমুদ্রসম পার্থক্য তৈরী হইয়াছে তাহাও দূরীভূত করা সহজতর হইবে বলিয়া তিনি মনে করিতেন। এই বিষয়ে বিবেকানন্দের বলিষ্ঠ মত প্রকাশিত হইয়াছে ১৯০০ খ্রীষ্টাব্দের ২০শে ফেব্রুয়ারী আমেরিকা হইতে ‘উদ্বোধন’ পত্রিকার সম্পাদক মহারাজকে লিখিত পত্রে। তিনি লিখিয়াছেন, “আমাদের দেশে প্রাচীনকাল থেকে সংস্কৃতে সমস্তবিদ্যা থাকার দরুন, বিদ্বান এবং সাধারণের মধ্যে একটা অপার সমুদ্র দাঁড়িয়ে গেছে। বুদ্ধ থেকে চৈতন্য, রামকৃষ্ণ পর্যন্ত — যাঁরা ‘লোকহিতায়’ এসেছেন, তাঁরা সকলেই সাধারণ লোকের ভাষায় সাধারণকে শিক্ষা দিয়াছেন। পাণ্ডিত্য অবশ্য উৎকৃষ্ট; কিন্তু কটমট ভাষা – যা অপ্রাকৃতিক, কল্লিত মাত্র, তাতে ছাড়া কি আর পাণ্ডিত্য হয় নাই? চলিত ভাষায় কি আর শিল্প নৈপুণ্য হয় না? স্বাভাবিক ভাষা ছেড়ে একটা অস্বাভাবিক ভাষা তয়ের করে কি হবে? যে ভাষায় ঘরে কথা কও, তাতেই তো সমস্ত পাণ্ডিত্য গবেষণা মনে মনে কর; তবে লেখবার বেলাও একটা কি কিছুত-কিমাকার উপস্থিত কর? যে ভাষায় নিজের মনে দর্শন-বিজ্ঞান চিন্তা কর, দশজনে বিচার কর – সে ভাষা দর্শন – বিজ্ঞান লেখবার ভাষা নয়? স্বাভাবিক যে ভাষায় মনের ভাব আমরা প্রকাশ করি, যে ভাষায় ক্রোধ দুঃখ ভালবাসা ইত্যাদি জানাই, তার চেয়ে উপযুক্ত ভাষা হতেই পারে না, সেই ভাব, সেই ভঙ্গি সেই সমস্ত ব্যবহার করে যেতে হবে। ও ভাষার যেমন জোর, যেমন অল্পের মধ্যে অনেক, যেমন যে দিকে ফেরাও সেদিকে ফেরে, তেমন কোন তৈরী ভাষা কোনও কালে হবে না। ভাষা কে করতে হবে যেমন সাফ ইস্পাত, মুচড়ে মুচড়ে যা ইচ্ছা কর- আবার যে কে সেই, এক চোটে পাথর কেটে দেয়, দাঁত পাড়েনা। আমাদের ভাষা – সংস্কৃত গদাই-লক্ষ্মরি চাল – এ এক চাল নকল করে অস্বাভাবিক হয়ে যাচ্ছে। ভাষা হচ্ছে উন্নতির প্রধান উপায় –, লক্ষণ।”^{১২}

বিবেকানন্দের পত্রে লিখিত এই অংশটি ভাষা সম্পর্কে তাঁর মনোভাবের স্পষ্ট প্রকাশ। তাঁহার

কাছে ভাষা কেবল ভাবের বাহন নহে, উন্নতির প্রধান উপায়, প্রধান লক্ষণ। সেই ভাষাই তাঁহার কাছে মূল্যবান, যাহা অহেতুক জটিলতা সৃষ্টির মাধ্যমে সাধারণ মানুষকে দূরে ঠেলিয়া দেয়না, যাহা অহেতুক সরলতাকে বিসর্জন দিয়া নিজেই নিজের জালে জড়াইয়া পড়িয়া হাঁসফাঁস করেনা। যে ভাষার গতি সমাজের সকল স্তরে অবাধ, যে ভাষা মাটির কাছা-কাছি থাকিয়া বলিষ্ঠ ভাবে ভাবনাকে তুলিয়া ধরে, অবাঞ্ছিত বর্ণনা করে – সেই ভাষাই সাহিত্যের ক্ষেত্রে, সমাজের ক্ষেত্রে মঙ্গল কর।

বিবেকানন্দের দৃষ্টিতে ভাষা হইবে প্রাণবন্ত। ভাবের প্রকাশ ঘটাইতে গিয়া অযথা বিশেষণের আধিকা ভাষার প্রাণকে হরণ করিয়া লয়। ফলে সেই ভাষা দ্বারা প্রকৃত কার্য সিদ্ধ হওয়া অসম্ভব বলিয়া বিবেকানন্দ মনে করেন। ঐ পত্রেরই তিনি বলিতেছেন, “ভাবই প্রধান, ভাষা পরে। হীরে-মোতির সাজ পরানো ঘোড়ার উপর বাঁদর বসালে কি ভাল দেখায়? ... দশপাতা লম্বা লম্বা বিশেষণে পর দুম করে – ‘রাজা আসীং ।।। আহাছা!’ কি পাঁচওয়ালো লম্বা বিশেষণ, কি বাহাদুর সমাস, কি শ্রেয়া!! – ও সব মড়ার লক্ষণ।”^{১২}

ভাষা সম্পর্কে বিবেকানন্দের এই চিন্তাভাবনা হইতে সহজেই সাহিত্য রচনায় ভাষার ব্যবহার কেমন হওয়া উচিত – সেই বিষয়ে তাঁহার অভিমত অনুধাবন করা যায়। অবশ্য বিবেকানন্দ আপন রচনায় সাধু এবং চলিত উভয় গদ্যরীতিরই সমানভাবে প্রয়োগ ঘটাইয়াছেন। বর্তমান ভারতেই তিনি যেমন সাধু-গদ্য রীতির অনুসরণ করিয়াছেন, তেমনি আবার পত্রাবলীতে রহিয়াছে চলিত গদ্যরীতির অর্পূর্ণ প্রকাশ। বিশেষভাবে চলিত গদ্যের প্রতি স্বামীজীর যে অধিক মাত্রায় প্রীতি ছিল তাহা বলাবাহুল্য। ইহার কারণ বোধহয় তাঁহার সংগ্রামী প্রেরণা। একদিকে সংগ্রাম অন্যদিকে গণসংযোগ – বিবেকানন্দের এই উভয় আদর্শই সুন্দরভাবে চলিত ভাষাকে বাহন করিয়া আত্মপ্রকাশ করিয়াছে। সাহিত্য, স্বদেশচিন্তা, অধ্যাত্মসাধনা, বিশ্বের দরবারে ভরতকে উচ্চ আসনে অধিষ্ঠিত করা সর্বক্ষেত্রেই বিবেকানন্দ চলিত ভাষাকেই অধিকরতর প্রাধান্য দিয়াছেন। এই প্রসঙ্গে বিবেকানন্দের অন্যতম গুরুত্বপূর্ণ প্রবন্ধ, ‘বাংলাভাষা’-এর উল্লেখ করা যায়। এই প্রবন্ধে রামকৃষ্ণ সহ অপরাপর অবতারগণ, যাঁহারা লোকহিতায় আপনার কর্মপদ্ধতি পরিচালনা করিয়াছেন তাঁহারা যে ভাষায় তাঁহাদের বাকী প্রচার করিয়াছেন তাহাই বিবেকানন্দ তুলিয়া ধরিয়াছেন।

বিদেশী ভাষা সম্পর্কে বিবেকানন্দের কৌতুহল ছিল চূড়ান্ত। বিশেষ করিয়া ফরাসী ভাষা-র প্রতি তাঁহার আগ্রহ ছিল অসীম। ফরাসী সাহিত্যের রস আত্মদনের নিমিত্ত তিনি যত্ন করিয়া ফরাসী শিখিয়াছিলেন। পরিব্রাজক অবস্থায় ইউরোপের বর্ণনাকালে তিনি বলিয়াছেন, “... মনে করলুম যে, পারি-তে বসে কিছুদিন ফরাসী ভাষা ও সভ্যতা আলোচনা করা যাবে; পুরানো বন্ধু বান্ধব তাগণ করে, এক গরীব ফরাসী নবীন বন্ধুর বাসায় গিয়ে বাস করলুম, – (তিনি জানেন না ইংরেজী, আমরা ফরাসী – সে এক অদ্ভুত ব্যাপার) বাসনা যে, বোবা হয়ে বসে থাকার না পারকতায় – (কাজে কাজেই) ফরাসী বলবার উদ্দোগ হবে, আর গড়গড়িয়ে ফরাসী ভাষা এসে পড়বে। ... ফরাসী ভাষা সভ্যতার ভাষা – পাশ্চাত্য জগতে ভদ্রলোকের চিহ্ন – সকলেই জানে।”^{১৪} বিবেকানন্দ এখানে ফরাসী সাহিত্য ও ফরাসী ভাষার শ্রেষ্ঠত্ব অকুণ্ঠিত্তে স্বীকার করিয়াছেন। ফরাসী ভাষার প্রাণময়তা এবং জীবন স্পর্শী সৃষ্টিশীলতা বিবেকানন্দকে মুগ্ধ করিয়াছে – সন্দেহ নাই।

উপরের আলোচনা হইতে প্রমাণিত যে, বিবেকানন্দের কাছে ভাষা হইবে প্রাণবন্ত, গতিশীল এবং বিভিন্ন লেখকের নিজস্ব ভাবনার রঙে রঞ্জিত। বিবেকানন্দ ভাষা এবং সমাজের অন্তরঙ্গ সম্পর্কের কথা

যথার্থভাবেই অনুধাবন করিয়াছেন এবং উভয়ের সমগতির দিকটি স্পষ্ট কথায় ব্যক্ত করিয়াছেন। ভাষার উন্নতিকে তিনি সমাজের উন্নতির অন্যতম মাপকাঠিরূপে বিবেচনা করিয়াছেন। অর্থাৎ তাঁহার কাছে ভাষাকে কেবল ভাবের বাহন হইলেই চলিবেনা, ভাষাকে সমাজের সর্বস্বীন উন্নতির দ্যোতক হইতে হইবে। সাহিত্যিক বিবেকানন্দের এই দূরদৃষ্টি প্রশংসনীয়। যুগে যুগে ভাষার বিবর্তন সমাজকে ক্রমশ উন্নততর হইতে সহায়তা করিয়াছে— ইহা প্রমানিত সত্য। গভীর মননশীলতার অধিকারী বিবেকানন্দ সামাজিক উন্নতির দিকটিকেও সাহিত্যের সহিত সংমিশ্রিত করিয়া আপনার অন্তরাঙ্গার উৎসারিত নিত্য সত্যের প্রকাশ ঘটাইয়াছেন। তাই তিনি বলিয়াছেন যে, ভাষার উন্নতি না হইলে সমাজের উন্নতিও অসম্ভব। সমাজ গতিশীল বলিয়া ভাষাও গতিশীল। সময়ে সময়ে সকল ভাষার-ই পরিবর্তন স্বাভাবিক। ভাষার এই পরিবর্তনশীলতাই ইহাকে প্রাণবন্ত করিয়া তোলে। শুধু তাহাই নহে, সহজ-সরল ভাষায় বর্ণিত বিষয় সাধারণ মানুষকে বৈজ্ঞানিক দৃষ্টিকোণ হইতে বিষয়ের সত্যাসত্য যাচাই করণেও সাহায্য করিবে বলিয়া বিবেকানন্দ মনে করেন।

অনুবাদ সাহিত্য বাংলা সাহিত্যের একটি অন্যতম ধারা। বিশ্বের বিভিন্ন প্রান্তের প্রতিষ্ঠিত রচনাসকল মাতৃভাষায় অনুবাদ করিয়া বিভিন্ন সাহিত্যিক আপন আপন মাতৃভাষাকে সমৃদ্ধ করিয়াছেন। বিদেশীভাষার ভাব, ভাবনা, বিষয়বস্তু সমাজের গতিপ্রকৃতির বর্ণনা— এই সবকিছু অনুবাদ সাহিত্যের প্রাণ। তথাপি অনুবাদ সাহিত্যের মূল্য বিষয়ে অনেক পণ্ডিতই সন্দেহান। কারণ অনুবাদকালে অনুবাদক আপনার সামাজিক অবস্থানের দ্বারা প্রভাবিত হয়ে পড়েন এবং তার ফলে অনুবাদ সাহিত্যের মৌলিকতা নষ্ট হয় এবং অনুবাদকের নিজস্ব ধারণা অনুবাদ সাহিত্যকে দুষ্ট করে। বিবেকানন্দের সাহিত্য আলোচনা কালে অনুবাদ সাহিত্য সম্পর্কে বিবেকানন্দের নেতিবাচক দৃষ্টিভঙ্গি এই ধারণারই প্রতিফলন। দেখা যায় যে, বিবেকানন্দ অনুবাদ সাহিত্যের প্রতি খুববেশী শ্রদ্ধাশীল ছিলেন না। কারণ, এক্ষেত্রে অনুবাদকের অনুবাদশিল্প আপন ধর্মচিন্তা, আবেগ ও বিশ্বাসের দ্বারা প্রভাবিত হওয়ার সমূহ সম্ভাবনা বর্তমান। এবিষয়ে বিবেকানন্দ স্পষ্টভাবেই তাঁহার মত ব্যক্ত করিয়া গিয়াছেন। তিনি বলিয়াছেন, “মাসপেরো (Maspero) বলে এক মহাপণ্ডিত, মিশর প্রস্তুতত্বের অতি প্রতিষ্ঠ লেখক, ‘ইস্ট্রায়ার আঁসিএন ওরিআঁতাল বলে মিশর ও বাবিলদের এক প্রকাণ্ড ইতিহাস লিখেছিলেন। কয়েক বৎসর পূর্বে উক্ত গ্রন্থের এক ইংরেজ প্রস্তুতত্ববিদের ইংরেজীতে তর্জমা পড়ি। এবার ব্রিটিশ মিউজিয়ামের এক অধ্যক্ষকে কয়েকখানি মিশর ও বাবিল – সঙ্ক্ষীয় গ্রন্থের বিষয় জিজ্ঞাসা করায় মাসপেরোর গ্রন্থের কথা উল্লেখ হয়। তাতে আমার কাছে উক্ত গ্রন্থের তর্জমা আছে শুনে তিনি বললেন যে ওতে হবে না. অনুবাদক কিছু গোঁড়া ক্রিষ্টান; এজন্য যেখানে যেখানে মাসপেরোর অনুসন্ধান খ্রীষ্টধর্মকে আঘাত করে. সে সব গোলমাল করে দেওয়া আছে। মূল ফরাসী ভাষায় গ্রন্থ পড়তে বললেন। পড়ে দেখি তাইতো – এ যে বিষম সমস্যা। ধর্ম গোঁড়ামিটুকু কেমন জিনিস জানতো?— সত্যাসত্য সব তালগোল পাকিয়ে যায়। সেই অবধি ও সব গবেষণা গ্রন্থের তর্জমার ওপর অনেকটা শ্রদ্ধাকমে গেছে।”^{১০}

বিবেকানন্দ অনুবাদ গ্রন্থের গ্রহণযোগ্যতা বিষয়ে প্রশ্ন তুলিয়া আপনার মনোভাবনার পরিচয় যেমন দিয়াছেন, তেমনি আলোচ্য ক্ষেত্রে মূল ফরাসী ভাষায় গবেষণা গ্রন্থ পাঠ করিয়া তিনি ফরাসী ভাষায় তাঁহার ব্যুৎপত্তি ও দক্ষতার প্রতিও ইঙ্গিত করিয়াছেন। বিভিন্ন দেশের ভাষা ও সাহিত্যের গভীরে প্রবেশ করিয়া এবং তাহাদের সারসত্ত্বটুকু গ্রহণ করিয়া তিনি এই সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন যে, ভাষাকে প্রাণবন্ত এবং গতিশীল করিয়া না তুলিলে এবং তাহাকে বিশেষণের ভারমুক্ত করিতে না পারিলে উহা কদাপি সাধারণের

নিমিত্ত অব্যক্তকে ব্যক্ত করিবার, অনির্বচনীয়কে বচনে প্রকাশ করিবার দক্ষতা অর্জন করিতে পারিবে না। সঙ্গে সঙ্গে তিনি পরোক্ষভাবে ইহাও ইঙ্গিত করিয়াছেন যে, অনুবাদ সাহিত্যের গ্রহণযোগ্যতাকে প্রশ্নাতীতভাবে সুপ্রতিষ্ঠিত করিতে হইলে অনুবাদকে কে ধর্মীয় গোঁড়ামী হইতে সম্পূর্ণরূপে মুক্ত হইতে হইবে।

চিকাগো ধর্ম মহাসম্মেলনের পর ১৮৯৬ সালের মধ্যে স্বামীজী দেশে এবং বিদেশে যে সমস্ত ভাষণ প্রদান করেন সেই সব ভাষণ সমূহের বিশ্লেষণ পূর্বক তাঁহার বাচন রীতির যে পরিচয় পাওয়া যায় তাহা হইতে বিবেকানন্দের সাহিত্য ভাবনার বিকাশ পরিলক্ষিত হয়। কর্মযোগ, জ্ঞানযোগ, রাজযোগ এবং ভক্তিযোগ-এর যে বিশ্লেষণ বিবেকানন্দ করিয়াছেন তাহা উত্তম সাহিত্যের পরিচায়ক। কর্মের প্রকৃতি বিশ্লেষণ, নিষ্কাম কর্মের আদর্শ ব্যাখ্যা, কর্ম ও কর্তব্যের ধারণার সংযুক্তির ব্যাখ্যা- বিবেকানন্দের গভীর সাহিত্য প্রেমের পরিচায়ক। শুধু তাহাই নহে, কর্মযোগের আদর্শ ব্যাখ্যায় বিবেকানন্দ যে আদর্শ এখানে তুলিয়া ধরিয়াছেন তাহা বীরত্বের প্রতীক। কারণ নিষ্কাম কর্ম সাধনের জন্য দুর্বলতা নহে, সাহসিকতা আবশ্যিক। সংসার ত্যাগী এবং সংসারী উভয়েরই প্রয়োজন নিষ্কাম কর্ম সম্পাদন, উভয়েরই প্রয়োজন সাহসিকতা এবং আত্মোৎসর্গের জন্য মানসিক দৃঢ়তা। গল্পের আকারে কর্তব্য কর্মের যে ব্যাখ্যা বিবেকানন্দ প্রদান করিয়াছেন, যে সহজ-সরল ভাষা তিনি ব্যবহার করিয়াছেন তাহার সাহিত্য মূল্য নিতান্ত অল্প নহে। রাজা, সন্ন্যাসী এবং রাজকন্যা – এই তিনজনের সঙ্গে একটি পাখীর জীবনকে জড়াইয়া বিবেকানন্দ যেভাবে গৃহীর কর্তব্য সম্পর্কে সমাজকে সচেতন করিয়াছেন- তাহা অনবদ্য। এখানে ‘প্রতীক হিসেবে ব্যবহার করা হইয়াছে পাখি, পাখিটির স্ত্রী এবং তাহার তিনটে বাচ্চাকে। পাখির সমগ্র সংসারটি অতিথি সেবার নিমিত্ত আত্মোৎসর্গ করিয়াছিল। এইভাবেই তাহারা পালন করিয়াছিল গৃহীর কর্তব্য। প্রতীক হিসেবে বিবেকানন্দ পক্ষীসংসারকে ব্যবহার করিয়া বাংলা সাহিত্যের একটি অন্যতম রূপ- ‘প্রতীকবাদ (Symbolism) –এর সাহায্য লইয়াছেন বলিয়া মনে হয়।

‘প্রতীকবাদ বাংলা সাহিত্যের একটি অন্যতম ধারা। এই ধারায় একএকটি চিহ্নের মাধ্যমে একএকটি ভাবকে প্রস্ফুটিত করিয়া তোলা হয়। প্রতীকের মাধ্যমে বিষয়বস্তুর ব্যাঞ্জনা দুরূহ বিষয়কে পাঠকের কাছে বা শ্রোতার কাছে বোধযোগ্য করিয়া তোলে। এস্থলে বিবেকানন্দ তাঁহার কর্মযোগের আলোচনা প্রাক্কালে গৃহীর কর্তব্য- কর্মের জটিল তত্ত্বকে সাধারণ যোগ্য করিবার নিমিত্ত ‘পক্ষীসংসার’- কে প্রতীক রূপে ব্যবহার করিয়া বাংলা সাহিত্যের সেই ধারারই প্রয়োগ ঘটাইয়াছেন বলিলে অত্যাুক্তি হইবে বলিয়া মনে হয় না।

তবে সাহিত্যে প্রতীকের ব্যবহার কখনো কখনো কাব্যকে রহস্যময় করার নিমিত্ত ব্যবহৃত হয়। কিন্তু বিবেকানন্দ রহস্যময়তার অবসান কল্পেই ব্যবহার করিয়াছেন প্রতীক। বিবেকানন্দের সাহিত্য আসলে মানবতাবাদী, বিশেষ করিয়া অস্তিত্ববাদী ভাবনার আলোকে উদ্ভাসিত। এখানে নিছক কল্পনাবিলাসিতার পরিবর্তে রহিয়াছে অসহায় মানুষের সাক্ষর চিত্র এবং সেই সঙ্গে রহিয়াছে জীবন থেকে জীবনে রূপান্তরিত হওয়ার রূপরেখা। অস্তিত্ববাদের মূল কথাই হইল মানুষের স্বাধীন সত্তায় বিশ্বাস। সাধারণভাবে এইটি বলা হইয়া থাকে যে, মানুষ পরিবেশ এবং পারিপার্শ্বিকতার ওপর নির্ভরশীল হইয়াই নিজের অস্তিত্ব রচনা করে। মানুষ যতক্ষণ পর্যন্ত না আত্মবিকাশের শেষ বিন্দুতে পৌঁছাইতেছে ততক্ষণ তাহাকে পরিবেশ নির্ভর হইয়াই চলার পথে আগাইয়া যাইতে হইবে।

আসলে অস্তিত্ববাদের প্রথম কথাই হইল চিন্তার কেন্দ্রস্থলে মানুষের অস্তিত্বকে রাখা; তার স্বাতন্ত্র্য

এবং তার অভিজ্ঞতাকে বোঝার চেষ্টা। অস্তিত্ববাদের দুইটি রূপ – প্রথমতঃ মানবিক সত্তার বিষয়ে অস্তিত্ববাদীদের প্রশ্ন এবং দ্বিতীয়ত, সত্তাজিজ্ঞাসায় বহিরঙ্গ বিচারের চেয়ে অন্তরঙ্গ একাত্মতার উপর প্রাধান্য দেওয়া। এই দুইটি রূপ আসলে অস্তিত্ববাদী চিন্তাধারার দুইটি ধাপ। প্রথমটি থেকে দ্বিতীয়টিতে উত্তরণেই এর সার্থকতা। বহিরঙ্গের বিচারে মানুষ নিজেই নিজের জগতে সীমাবদ্ধ, এক একজন বিচ্ছিন্ন দ্বীপের বাসিন্দা। আপন দুঃখ-মন্ত্রণা, চাওয়া-পাওয়ার বেদনা – নিয়েই তাহার জগৎ। কিন্তু অন্তরঙ্গ সে অপরের সঙ্গে একাত্ম। এই একাত্মতা অনুভব করাই অত্মবিকাশের চরম লক্ষ্য।

তবে বিবেকানন্দের মানবতাবাদী ভাবনায় মানুষের আত্মবিকাশ চরম লক্ষ্য হইলেও তাহা আধ্যাত্মিকতার ভিত্তির উপর প্রতিষ্ঠিত। বিবেকানন্দের শূদ্রজাগরণের ধারণা এই কথাই ব্যক্ত করে। আত্মবিকাশের প্রথম ধাপে শূদ্রগণ ঘটাইবে বহিরঙ্গের অভাবনীয় উন্নতি। একে তিনি বলিয়াছেন অভ্যুদয়। কিন্তু অভ্যুদয়ে উত্তরণেই আত্মবিকাশের চরম অবস্থা নহে। অভ্যুদয়ের পর আসিবে নিঃশ্রেয়স, যেখানে মানুষ আধ্যাত্মিকতাকে ভিত্তি করিয়া একাত্ম হইবে পরমাত্মার সহিত। বিবেকানন্দ উদাত্ত কণ্ঠে মানুষের জয়গান গাহিয়াছেন, মানুষকে সর্বকালের শ্রেষ্ঠত্বের আসনে অধিষ্ঠিত করিয়াছেন। তিনি বলিয়াছেন, “বিশ্বব্রহ্মাণ্ডে সকল অবয়বের মধ্যে মানবদেহই হচ্ছে শ্রেষ্ঠ এবং মানবসত্তাই হচ্ছে শ্রেষ্ঠ সত্তা। মানুষ সমস্ত প্রাণীর চেয়ে, সমস্ত দেবদেবতের চেয়ে উন্নততর, মানুষের চেয়ে মহত্তর কেউ নেই। একমাত্র মানুষই পূর্ণতা লাভ করতে পারে।...দেবতারাও মানবজন্ম ছাড়া সরাসরি মুক্তি লাভ করতে পারে না।”^{১৬}

মানবতার পূজারী বিবেকানন্দ মানবের হৃদয়াসনকেই ঈশ্বরের মন্দির বলিয়াছেন। তিনি জীবন্ত ঈশ্বরের পূজারী। বিবেকানন্দের মতে, “মানুষের দেহ হল সর্বশ্রেষ্ঠ মন্দির। যে মুহূর্তে প্রতিটি মানুষের মধ্যে ঈশ্বরদর্শন করে সশ্রদ্ধভাবে উঠে দাঁড়াতে সক্ষম হব সেই মুহূর্তেই সব বন্ধন থেকে আমার মুক্তি ঘটবে। সব বন্ধনই ছিন্ন হয়ে যাবে।”^{১৭} বিবেকানন্দ এইভাবে বহিরঙ্গ হইতে অন্তরঙ্গ যাত্রা করিবার কথা বলিয়াছেন। এই অন্তরঙ্গসেই মানুষ মুক্ত হইয়া পরমাত্মা তথা ব্রহ্মত্ব প্রাপ্ত হয়।

বিবেকানন্দের সাহিত্যভাবনার একটি অন্যতম অধায় তাঁর পত্রাবলী। অধ্যাপক প্রণবরঞ্জন ঘোষ তাঁহার ‘বিবেকানন্দ ও বাংলা সাহিত্য’ গ্রন্থে এই প্রসঙ্গে মন্তব্য করিতে গিয়া বলিয়াছেন, “পত্রলেখকের ব্যক্তিত্ব যে পত্রকে কী জীবন্ত ব্যক্তিত্বে ভাস্বর করে তোলে, তার আশ্চর্য উদাহরণ স্বামীজীর পত্রাবলী। বিবেকানন্দ মানসের পূর্ণ পরিচয় লাভের জন্য এই পত্রগুলি অমূল্য উপকরণ। সেই সঙ্গে বিবেকানন্দের সাহিত্য প্রতিভার অভ্রান্ত স্বাক্ষর। ‘উদ্বোধনে’ প্রকাশিত রচনাবলীর মতো এগুলি সচেতনমানের সৃষ্টি নয় অথচ শিল্প নৈপুণ্যের বিচারে সমান মর্যাদার অধিকারী। কোন কোন ক্ষেত্রে বরং বেশী বলেই মনে হয়।”^{১৮}

বস্তুতঃ বিবেকানন্দের পত্রাবলী তাঁর অপূর্ব গদ্যশৈলীর বাস্তব দৃষ্টান্ত। কথিত রহিয়াছে যে, মানুষের চক্ষু এবং পত্র মানব মনের দুইটি দর্পণ। মানুষের চক্ষু তার অন্তরের অন্যতম প্রতিচ্ছবি। অনুরূপভাবে রচনাকারের অন্তরের ভাবনার যথার্থ বাহক তাঁর পত্রাবলী। এপ্রসঙ্গে মন্তব্য করিতে গিয়া প্রণবরঞ্জন ঘোষ বলিয়াছেন, “স্বামীবিবেকানন্দের গদ্যশৈলী রজোগুণ সম্পন্ন এবং একেবারে মুখের ভাষার মতোই দ্রুত চলনে তার কৃতিত্ব। বলা বাহুল্য তাঁর ব্যক্তিত্বের অন্তর্নিহিত গতিশীলতাই, তাঁর গদ্যেও গতিবেগ সঞ্চার করেছে। চিঠিপত্রের ক্ষেত্রে এই গতিসম্পন্ন ভাষা ইম্পাতের শাণিত উজ্জ্বলতা এনে দিয়েছে। চিত্তের দিক থেকে কেদাজ্ঞের মুক্ত স্বচ্ছ দৃষ্ট এবং জীবনের দিক থেকে কোলকাতার কথ্যভাষার সঙ্গে এ দুয়ে মিলে তাঁর চিঠি পত্রের ভাষাকে

গড়ে তুলেছে। জগৎ ও জীবনের নানা দিকে তাঁর দৃষ্টি, তবু মূলত তিনি সন্ন্যাসী- একথাটি তাঁর চিঠিতে পরিষ্ফুট, অথচ এ সন্ন্যাসের একটি মূল আদর্শ ‘জগদ্ধিতায়’ – আধুনিক কালে যার নাম “বিশ্বপ্রেম”। স্বদেশ, স্বজাতি, সেইসঙ্গে সর্বমানবের প্রতি অপরিমেয় প্রেমের গভীর মন্ত্রধ্বনি তাঁর চিঠিপত্রের মানস পরিমণ্ডলে অনাহত সুরে বেজে চলেছে – একটু কান পাতলেই শোন যায়।”^{২৯}

বাংলা সাহিত্যের ইতিহাসে বিবেকানন্দের পত্রবালী এক অনন্য প্রতিভার স্বাক্ষর সে বিষয়ে কোন সন্দেহ নাই। পত্রগুলিতে বিভিন্নভাবে প্রকাশ ঘটিয়াছে। কখনো সাধারণ মানবের অন্তর যাতনার প্রকাশ ঘটিয়াছে, আবার কখনো সেই মন্ত্রণাপাশ হইতে তাহাদের মুক্ত করিবার লৌহকঠিন প্রতিজ্ঞা ধ্বনিত হইয়াছে। গুরুভাইদের প্রতি অসীম ভালোবাসার বাহক হইয়া পত্রগুলি কখনো তাহাদের কন্মোদ্দীপনা জাগরিত করিতেছে, আবার কখনো বা তাহার উপদেশাবলীর বাহক হইয়া গুরুভাইদের মথার্থ পথের পথিক করিয়া তুলিবার নিমিত্ত প্রয়াস পাইতেছে। আবার কখনোও বা সমাজের চিত্র অঙ্কিত করিয়া আপন হৃদয়ের মর্মবেদনা প্রকাশে ব্যাপ্ত হইয়াছেন।

বিবেকানন্দের সাহিত্য নীরস গদ্যসংকলন মাত্র নহে। তাহা সাহিত্যরসের দ্বারা জারিত এক অনুপম সৃষ্টি। তাহার সাহিত্যে হাস্যরস, বীররস এবং শান্ত রসের সমাহার ইহাকে অনন্য করিয়া তুলিয়াছে। রসশ্রেষ্ঠ গুরুর সুরসিক শিষ্যের হাস্যরসের খারা তাহার সাহিত্যকে অপরাপর হাস্যরসিক লেখকদের সহিত শ্রেষ্ঠত্বের আসনে অধিষ্ঠিত করিয়াছে। বস্তুতঃ বিবেকানন্দের ব্যক্তিত্বের পূর্ণ পরিচয় লাভ করিতে হইলে তাহার কৌতুক, পরিহাস, ব্যঙ্গ, বিদ্রূপ ও সেন্স অব হিউমার সম্পর্কে সম্যক ধারণা থাকা আবশ্যিক। বিবেকানন্দের হাস্যরসের পূর্ণ পরিচয় পাওয়া যায় তাহার পত্রাবলীতে। তাহার অনিন্দ্যসুন্দর হাস্যরসের নিদর্শন পূর্বক এই পত্রটি উল্লেখ করা যায় – “বাবুরামের লম্বা পত্র পড়লাম। বুড়ো বেঁচে আছে– বেশ কথা। তোমাদের আড্ডাটি নাকি বড় ম্যালেরিয়াস – রাখাল আর হরি লিখছেন। রাজাকে আর হরিকে আমার বহুত দণ্ডবৎ লাড়িবৎ ইষ্টিকবৎ ছত্রবৎ দিবে। আমার বহুত চিঠি লিখবার সময় বড় একটা হয়না। লেকচার ফেফচার তো কিছু লিখে দিই না। একটা লিখেদিয়েছিলুম যা ছাপিয়েছে। বাকি সব দাঁড়াবাঁপ যা মুখে আসে, গুরুদেব জুটিয়ে দেন। কাগজপত্রের সঙ্গে কোন সঙ্কটই নাই। একবার ডেটয়েটে ঝাড়া তিনঘণ্টা বুলি ঝেড়েছিলুম। আমি নিজে অবাক হয়ে যাই সময়ে সময়ে; ‘মধো’ তোর পেটে এতও ছিল!”^{৩০}

এই পত্রাংশটির বিশ্লেষণ পূর্বক ইহা অবগত হওয়া যায় যে, বিবেকানন্দ তাহার কথাবার্তার স্বাভাবিক রসভঙ্গিমাকে বিন্দুমাত্র বিকৃত না করিয়া হাস্যরসের জাল বিস্তার করিয়াছেন। শব্দচয়নের দক্ষতা এবং তাহার সহিত হাস্যরসের মিলনে বিবেকানন্দ যেমন অপূর্ব স্বাদের ব্যঞ্জন তৈরী করিয়াছেন, তেমনি আপনার সম্পর্কে আপনি হান্কাচালের বাক্য ব্যবহার পূর্বক আপনার আত্মবিকাশের অতল সাগরের সন্ধান দিয়াছেন। এইখানেই বিবেকানন্দের হাস্যরসের সার্থকতা। তাহার হাস্যরসে তিনি কেবল অন্যকে জারিত করেন নাই, একই সঙ্গে আপনার হাস্যরসিক সত্তাটিকেও সুন্দর ভাবে জারিত করিয়াছেন। প্রায় প্রতিটি পত্রেই বিবেকানন্দের গুরুগভীর বিষয় উপস্থাপিত করার পাশাপাশি কৌতুক ও ব্যঙ্গ রসে জারিত করিয়া উপস্থাপিত বিষয়বস্তুকে অনন্য করিয়া তুলিয়াছেন। বাংলা সাহিত্যের ইতিহাসে বিবেকানন্দকে তাহার হাস্যরস অমরত্ব দান করিয়াছে – সে বিষয়ে কোন সন্দেহ নাই।

হাস্যরসাত্মক ভঙ্গিতে বিবেকানন্দ তথাকথিত ভারতীয় জাতপাতের তীব্র সমালোচনা করিয়াছেন।

স্বামী ব্রহ্মানন্দকে লেখা জনৈকা বিমলা ও তার গুরু শশীসাগেলকে উদ্দেশ্য করিয়া বলিয়াছেন, “ধর্ম কি আর ভারতে আছে দাদা! জ্ঞানমার্গ, ভক্তিমার্গ, যোগমার্গ সব পলায়ন। এখন আছেন কেবল ছুৎমার্গ- আমায় ছুঁয়োনা, আমায় ছুঁয়োনা। দুনিয়া অপবিত্র, আমি পবিত্র। সহ ব্রহ্মজ্ঞান, ভালো মোর বাপ !! হে ভগবান ! এখন ব্রহ্ম হৃদয় কন্দরেও নাই, গোলকেও নাই, সর্বভূতেও নাই- এখন ভারতের হাঁড়িতে...”^{১১}

এই ধরনের বক্তব্যের মধ্যদিয়া স্বামীজী বেদনাহত হৃদয়ে তিক্ত কঠোর বাস্তবকে যে ভাবে দক্ষতার সহিত ব্যাঙ্গাত্মক ভঙ্গিতে তুলিয়া ধরিয়াছেন – বাংলা সাহিত্যের জগতে তাহা অতুলনীয়। বেশীরভাগ ক্ষেত্রে ধর্মের নামে কপটতার জাল বিস্তার করিয়া যে ভাবে জাতি ভেদের গাঁড়ামিকে প্রাধান্য দিয়া ভারতবর্ষের অন্তরসত্তাকে জলাঞ্জলি দেওয়ার সুনিপুণ ব্যবস্থা করা হইয়াছিল স্বামীজী তাঁহার মূলে কুঠারাঘাত করিতে চাহিয়াছেন বলিষ্ঠ লেখনীর দ্বারা। এইভাবে অনিন্দ্যসুন্দর রসসৃষ্টির মাধ্যমে কপটতার জাল ছিন্ন করিয়া বিবেকানন্দ প্রকৃত ধর্মের মর্মরবাণী পাঠকের সামনে তুলিয়া ধরিয়াছেন। এইভাবে আমরা বিবেকানন্দের হাস্যরসিক সত্তার বিচ্ছুরণ লক্ষ্য করি।

বিবেকানন্দের সাহিত্যভাবনার বাহন রূপে তাঁহার পত্রাবলী যেমন অসামান্য, তেমনি ‘কবি’ বিবেকানন্দের কবিতাবলীও তাঁহার সাহিত্যিক সত্তার যথার্থ প্রতিফলন। বিবেকানন্দ যে কয়টি কবিতা রচনা করিয়াছেন সেগুলির মধ্যে বীররস ও রৌদ্ররসের সঞ্চারণ যেমন ঘটিয়াছে, তেমনি রহিয়াছে ভয়ানক রস ও শাস্ত্ররসের প্রকাশ।

স্বামীজীর কবিতায় বীররসের যে ধারা প্রবাহিত তাহার প্রেরণা কবি মধুসূদন দত্ত। স্বামীজীর ‘পানপাত্র’ কবিতাটিতে বীররসের ধারা প্রবাহমান। এই কবিতার একটি ছত্র উল্লেখ করিয়া বিবেকানন্দের বীররসের স্বরূপটি অনুধাবন করিবার নিমিত্ত প্রয়াসী হইব।

“দুর্গম দুঃসহ পত্নী – এই তব পথ,

প্রতি পদে অবিশ্রান্ত উপল সজ্জাত

সে আমারি দান।”^{১২}

স্বামীজীর এই কবিতাটির প্রতি ছত্রে ধ্বনিত হয়েছে বীররস,

“ডাকে ভেরী, বাজে বর্ন বর্ন দামামা নক্সাড়, বীর দাপে কাঁপে ধরা।

ঘোষে তোপ বব-বব-বম্, বব-বব-বম্, বন্দুকের কড়াকড়া।।

ধূমে ধূম ভীম রণস্থল, গরজি অনল বমে শত জ্বালামুখী।

ফাটে গোলা- লাগে বুক গায়, কোথা উড়ে মায় আ- সোয়ার ঘোড়া হাতি।।

পৃথি তল কাঁপে থরথর, লক্ষ্য অশ্ববরপৃষ্ঠে বীর ঝাঁকে রণে।

ভেদধুম গোলা বরিষণ গুলি সন্ সন, শক্রতোপ আনে ছিনে।।

.....”^{১৩}

বীর রসের পাশাপাশি ভয়ানক রসের প্রকাশ ঘটিয়াছে বিবেকানন্দের ‘Kali the Mother’ কবিতাটিতে। কবি সত্যেন্দ্রনাথ দত্তের অনুবাদ থেকে কয়েকটি পঙক্তি উল্লেখই ভয়ানক রসের পরিচয়ে যথেষ্ট।

“... লক্ষ্য লক্ষ্য ছায়ার শরীর! দুঃখরাশি জগতে ছড়ায়;

নাচে তারা উন্মাদ তাণ্ডবে; মৃত্যুরূপা মা আমার আয়!

করালি! করাল তোর নাম, মৃত্যু তোর নিঃশ্বাসে প্রশ্বাসে

তোর ভীম চরণ-নিষ্ফেপ প্রতিবাদে ব্রহ্মাণ্ড বিনাশে!

কালি ! তুই প্রলয়রূপিনী, আয় মাগো আয় মোর পাশে।”^{২৪}

শান্তরসেরও স্পষ্ট পরিচয় রহিয়াছে বিবেকানন্দের কবিতায়। তাঁর ‘সন্ন্যাসীর গীত’ এবং ‘জীবন্মুক্তের গীত’ – এই কবিতাদুটিতে শান্তরসের পূর্ণপ্রকাশ ঘটিয়াছে।

“উঠাও সন্ন্যাসী উঠাও সে তান,

হিমাঙ্গি শিখরে উঠিল যে গান–

গভীর অরণ্যে পর্বত প্রদেশে

সংসারের তাপ যথা নাহি পশে,

যে সঙ্গীত-ধ্বনি– প্রশান্ত-লহরী

সংসারের রোল উঠে ভেদ করি;

কাম্বধন কি কাম কিম্বা যশ আশ

যাইতে না পারে কভু যার পাশ;

যথা সত্য-জ্ঞান-আনন্দ-ত্রিবেণী

-সাধু যায় স্নান করে ধন্য মানি,

উঠাও সন্ন্যাসী, উঠাও সে তান,

গাও গাও গাও, গাও সেই গান–

ওঁ তৎ সৎ ওঁ।”^{২৫}

সাহিত্যিক বিবেকানন্দের কবি প্রতিভা তাঁহার দার্শনিক সত্ত্বারও পূর্ণ পরিচায়ক। অদ্বৈতবাদী শংকরাচার্যের মূল আদর্শকে সামনে রাখিয়া বিবেকানন্দ অদ্বৈতবাদী তত্ত্বের সার্থক প্রকাশ ঘটাইয়াছেন ‘জাগ্রত দেবতা’ কবিতাটিতে। এই কবিতাটিতে ফুটিয়া উঠিয়াছে এক অনন্তব্রহ্মের বহুরূপে প্রকাশিত হওয়ার সত্যতা। প্রকাশের ভিন্নতা সত্ত্বার একত্বের হানি ঘটাইতে পারে না বরং বহুরূপে প্রকাশিত সত্ত্বা অন্তরালে একরূপে বিরাজমান– ইহাই যথার্থ সত্য। এই সত্যেরই প্রতিফলন ঘটিয়াছে ‘জাগ্রত দেবতা’ কবিতাটিতে।

“সেই এক বিরাজিত অন্তরে বাহিরে,
 সব হাতে তাঁরি কাজ,
 সব পায়ে তাঁরি চল,
 তাঁরি দেহ তোমরা সবাই,
 কর তাঁর উপাসনা,
 ভেঙে ফেলো আর সব পুতুল প্রতিমা ।

.....

ওরে মূর্খদল!
 জীবন্ত দেবতা ঠেলি',
 অবহেলা করি'
 অনন্ত প্রকাশ তাঁর এ ভুবনময়,
 চলেছিস ছুটে মিথ্যা মায়ার পিছনে
 বৃথা ধ্বংস কলহের পানে—
 কর তাঁর উপাসনা, একমাত্র প্রত্যক্ষ দেবতা,
 ভেঙে ফেলো আর সব পুতুল প্রতিমা ।”^{২৬}

‘The Life of Swami Vivekananda’ গ্রন্থে কবিতা সম্বন্ধে স্বামীজীর চিন্তাধারার প্রকাশ ঘটানো হইয়াছে সুন্দরভাবে । “Poetry because it is the Language of ideals, made a strong appeal to Naren. Wordsworth was to him the fixed star of poetic firmament. Naren lived in the world of ideals, where history and philosophy and poetry and all the science are recognised as phases of reality. He possessed a prophetic vision of learning, wherein thought was seen as subservient to the real purpose of life, the intellect being the fuel on which the soul fed and which it burned in its supreme effort to go ultimately beyond the intellect, beyond all thought.”^{২৭}

আলাসিন্সা পেরুমলকে লেখা ১৭ই ফেব্রুয়ারী, ১৮৯৬ তারিখের চিঠিতে বিবেকানন্দ তাঁর ইংরেজী ভাষায় সাহিত্য সাধনার মূল স্বরূপটি এইভাবে বিশ্লেষণ করেছেন । “To put the Hindu ideas into English and then make out of dry philosophy and intricate mythology and queer, startling psychology, a religion which shall be easy, simple, popular, and at the same time meet the

requirements of the highest minds, is a task which only those can understand who have attempted it. The abstract Advaita must become living – poetic – in everyday life; out of hopelessly intricate mythology must come concrete moral forms and out of bewildering youngism must come the most scientific and practical psychology- and all this must be put into such a form that a child may grasp it. That is my life's work.”²⁶

বিবেকানন্দের সাহিত্যে বীররসের প্রকাশের অন্যতম বাহন তাঁহার পত্রবলী। ১৮৯৪ খ্রীষ্টাব্দে স্বামী রামকৃষ্ণানন্দকে লেখা একটি চিঠিতে তাঁহার অন্তরের অন্তঃস্থল হতে উৎসারিত বীররসের প্রকাশ ঘটিয়াছে। তিনি বলিয়াছেন, “সমাজকে জগৎকে electrify করতে হবে বসে বসে গল্পিবাজি আর ঘটানাড়াড় কাজ? ঘটানাড়া গৃহস্থের কর্ম। ... তোমাদের কাজ distribution and propagation of thought currents. তাই যদি পারো, তবে ঠিক, নইলে বেকার। রোজকার করে খাওগে...। Life is ever expanding contraction is death. যে আত্মস্তর আপনার আয়েস খুঁজছে, কুঁড়েমি করছে, তার নরকেও জায়গা নেই। যে আপনি নরক পর্যন্ত গিয়ে জীবের জন্য কাতর হয়ে, চেষ্টা করে, সেই রামকৃষ্ণের পুত্র-ইতরে কৃপণাঃ যে এই মহাসন্ধি পূজার সময় কোমর বেঁধে খাড়া হয়ে গ্রামে গ্রামে ঘরে ঘরে তাঁর সন্দেশ বিতরণ করবে, সেই আমার ভাই, সেই তাঁর ছেলে। বাকি যে তা না পারো – তফাৎ হয়ে যাও এই বেলা ভালোয় ভালোয়। ... এই কথাটি খালি বলছি, যে যে এই চিঠি পড়বে, তার ভিতর আমার spirit আসবে, বিশ্বাস কর।”²⁷

স্বামীজীর সাহিত্য আলোচনার সমস্ত দিক বিশ্লেষণ পূর্বক ইহা বলা যায় যে, সাহিত্যিক হিসেবে তিনি চরম আদর্শবাদী ও বাস্তববাদী। কুসংস্কারের বেড়াজালে যখন সমগ্র ভারতবর্ষ হাঁসফাঁস করিতেছে, ধর্মাক্রান্তা যখন মানুষকে স্বার্থপরতায় পটু করিয়া তুলিয়াছে, অধিকাংশ দরিদ্র ভারতবাসী যখন অন্নবস্ত্রহীন হইয়া নিরন্নতার সঠিক প্রতিচ্ছবি স্বরূপ হইয়া উঠিয়াছে তখন কঠোর বাস্তবকে সাহিত্যের আলোকে উদ্ভাসিত করিয়া মানুষের অন্নবস্ত্র ও বুদ্ধি হৃদয়ের সামঞ্জস্য সাধনে তিনি ব্রতী হইয়াছেন। চরম আদর্শবাদী বিবেকানন্দ আত্মার আলোকে জীবনের পরমসত্যটি সাহিত্যের মধ্যদিয়া প্রকাশ করিতে চাহিয়াছেন। বিবেকানন্দের জীবন এবং সাহিত্য আমাদের দৈনন্দিন জীবন সংগ্রামের রসদ। বাংলা সাহিত্যের বিবর্তনের ধারা গভীরভাবে অনুসন্ধান করিলে স্পষ্টতঃই প্রতীয়মান হইবে যে, উক্তধারায় সংস্কৃতি আসরের বর্ণচ্ছটা ও বিলাসভূষণের আধিক্য ঘটিলেও প্রাণশক্তির অভাবে তাহা মৃতবৎ হইয়া পড়িয়াছিল, পৌরুষের সুদৃঢ় আত্মবিশ্বাসের প্রকাশে ছিল গভীর প্রয়াসের অনুপস্থিতি। বাংলা সাহিত্যের ইতিহাসে রাবীন্দ্রীক ভাবালুতা সম্পর্কে আমরা যতখানি যল্পবান, অমঙ্গলের সহিত তাঁহার চির সংগ্রামের ভূমিকা সম্পর্কে আমরা ততটাই উদাসীন। বিবেকানন্দের সাহিত্যে রহিয়াছে আত্মবিশ্বাসের অতল সাগর, আত্মবিস্মৃত ভারতবাসীকে স্ব-স্বরূপ সম্পর্কে সচেতন করিবার শক্তিময়ী প্রেরণা, অর্ধমৃত মানবজাতিকে যথার্থ অর্থে সজীব করিবার বিদ্যুৎ স্পর্শ। এই শক্তিময়, গতিময়, প্রাণসঞ্চারী সাহিত্য প্লাবনে প্লাবিত হইবে সমগ্র জগৎ। আর প্রত্যেক ভারতবাসী সেই প্লাবনে অবগাহন করিয়া ভারতবর্ষের সারসত্তার পূর্ণপ্রকাশের নিমিত্ত তাহাদের হৃদয় কুসুমকে প্রস্ফুটিত করিবে- এইভাবেই গঠিত হইবে বিবেকানন্দের নবভারত, সমগ্রবিশ্বকে শোনাইবে শান্তির ললিতবাদী, যথার্থ অর্থেই শ্রেষ্ঠত্বের আসনে অধিষ্ঠিত হইবে বিবেকানন্দের চির আরাধ্যাদেবী ‘ভারতমাতা’।

বিবেকানন্দের সাহিত্যভাবনার ভিত্তি অধ্যাত্মবাদ। অধ্যাত্মবাদের আলোকে তাঁহার মানবতাবাদ সহ

অপরাপর- রসথারা সম্পূর্ণরূপে জারিত। তাই ঊনবিংশ শতাব্দীর অপরাপর চিন্তনায়কদের চেয়ে শ্রীরামকৃষ্ণদেবকেই তিনি আদর্শ পুরুষ হিসেবে বরণ করিয়া লইয়াছেন। কারণ, একমাত্র পরমহংসদেবই প্রত্যক্ষ অধ্যাত্ম উপলব্ধির অধিকারী। শ্রীরামকৃষ্ণদেবের বাণীগুলি তাঁহার কাছে কেবল ধর্ম সাধনার সমন্বয়ের প্রতীক নহে, জীবন ও সাহিত্যের অন্তরঙ্গ যোগাযোগের অন্যতম শ্রেষ্ঠ উদাহরণ। সুতরাং স্বামীজীর সাহিত্য নিছক কল্পনাবিলাসিতা নহে, জীবনের প্রতি ছত্রে বিধৃত পরমসত্যের পূর্ণ প্রকাশের বাহন।

টীকা ও তথ্যপঞ্জী

১. অধ্যাপক জগত লাহা ঃ রবীন্দ্রনাথের সাহিত্য, প্রজ্ঞাবিকাশ, ৯/৩ রামনাথ মজুমদার স্ট্রীট, কলকাতা - ৯
২. প্রণব রঞ্জন ঘোষ ঃ বিবেকানন্দ ও বাংলা সাহিত্য, করুণা প্রকাশনী, কলকাতা ৯, ১৪০৮, পৃষ্ঠা- ১৯
৩. বিবেকানন্দ রচনাসমগ্রঃ কামিনী প্রকাশন, পৃষ্ঠা-১৪১
৪. তদেবঃ পৃষ্ঠা-১৪৩
৫. বিবেকানন্দ রচনা সমগ্র, পৃষ্ঠা- ১২৩, কামিনী, প্রথম খণ্ড
৬. স্বামী বিবেকানন্দের স্মৃতিকথা-র অন্তর্গত ভগিনী ক্রিষ্টিনের স্মৃতিকথা থেকে অনূদিত। মূল ইংরাজী গ্রন্থটি অদ্বৈত আশ্রম থেকে প্রকাশিত- পৃষ্ঠা- ১৫৭-৫৮
৭. বিবেকানন্দ রচনা সমগ্র, কামিনী, পৃষ্ঠা- ৫২, ১৪১১
৮. তদেব, পৃষ্ঠা-৫৯
৯. বাণী ও রচনা, ৬ষ্ঠ খণ্ড, পৃষ্ঠা- ২৪৬
১০. তদেব, পৃষ্ঠা-২৪৬
১১. তদেব, পৃষ্ঠা-৩১-৩৩
১২. বিবেকানন্দ রচনা সমগ্র, কামিনী, পৃষ্ঠা- ১৬১-১৬২,
১৩. তদেব, পৃ- ১৬২
১৪. বিবেকানন্দ রচনাসমগ্র, প্রথম খণ্ড, অনুবাদক ও সম্পাদনা সুধাংশু রঞ্জন ঘোষ, কামিনী প্রকাশনালয়, ৫, নবীনচন্দ্র পাল লেন, কলি- ৯, পৃ- ৯২-৯৩
১৫. তদেব
১৬. বিবেকানন্দ রচনাসমগ্র, ১ম খণ্ড, পৃষ্ঠা-২৯৮
১৭. বিবেকানন্দ রচনাসমগ্র, ২য় খণ্ড, পৃষ্ঠা- ৫০৬

১৮. প্রণবরঞ্জন ঘোষ ঃ বিবেকানন্দ ও বাংলা সাহিত্য ঃ করুণা প্রকাশনী, কলিকাতা – ৯, পৃষ্ঠা- ২১-২১, ১৪০৮
১৯. তদেব, পৃষ্ঠা- ৯১
২০. স্বামীবিবেকানন্দের বাণী ও রচনা ঃ ৬ষ্ঠ খণ্ড, পৃষ্ঠা ৪৫৫, ১৮৯৪
২১. বাণী ও রচনা ঃ ৭ম খণ্ড, প্রথম সংস্করণ, পৃষ্ঠা ৭৫
২২. The Cupঃ অনুবাদঃ প্রণবরঞ্জন ঘোষ, বিবেকানন্দের বাণী ও রচনা, উদ্বোধন কার্যালয়, কলিকাতা, পৃষ্ঠা- ৪৬৬
২৩. শঙ্করী প্রসাদ বসু ঃ বিবেকানন্দে উদ্ভাসিত সুভাষ, দেজ পাবলিশিং, পৃষ্ঠা- ৬৮, ১৯৯৮।
২৪. The Song of the Sannyasis, জুলাই, ১৮৯৫, অনুবাদ ঃ স্বামী শুদ্ধানন্দ
২৫. Kali the Mother, কাশ্মীরে ক্ষীরভবানী দর্শনের পর, সেপ্টেম্বর, ১৯৯৮, ত্রীনগরে লিখিত, অনুবাদ ঃ কবি সত্যেন্দ্রনাথ দত্ত
২৬. The Song of the Sannyasis, জুলাই, ১৮৯৫, অনুবাদ ঃ স্বামী শুদ্ধানন্দ
২৭. অনুবাদ- প্রণবরঞ্জন ঘোষ, মূল কবিতা-The Living God.
২৮. The Life of Swami Vivekananda: Eastern and Western Disciples. Advaita Ashram. 1965. p. 74.
29. Letters of Swami Vivekananda, 1948. p.302.

লিঙ্গবৈষম্যের খাবায় কন্যাকোরক

পাপিয়া গুপ্ত

“নারীকে আপন ভাগ্য জয় করিবার

কেন নাহি দিবে অধিকার।”

এই প্রশ্নের ব্যাপ্তি শুধুমাত্র নারীর জীবৎকালে নয়, তার জন্মপূর্ববর্তী পর্যায়েরও বিস্তৃত। পুরুষ ও নারীর মধ্যে বৈষম্য — নারীর ওপর পুরুষের আধিপত্য বা তার প্রচেষ্টা প্রাচীন যুগ থেকে আধুনিক সভ্যযুগের এক বাস্তব চিত্র। শুধুমাত্র ব্যক্তিগত নয় - পারিবারিক তথা সামাজিক জীবনে নারীর প্রতি নিপীড়ন, তার অবমাননা মানবসমাজে নারীর দাসত্ব তথা হীনতারই পরিচায়ক। এই দমন শুধুমাত্র অর্থনৈতিক, আইনগত বা সমাজস্তরে নয়, এমনকি নৈতিকতার ক্ষেত্রেও প্রসারিত। বিভিন্ন ধর্মীয়শাস্ত্রে নারীকে উপস্থাপিত করা হয়েছে বিবেকবৃদ্ধিহীন, আপাদমস্তক এক আবেগসম্পন্ন ব্যক্তিরূপে যে পুরুষকে তার ইচ্ছার বিরুদ্ধে অন্যায়কর্মে বা পাপ কর্মে প্রবৃত্ত করে। দুটি সমর্থক দৃষ্টান্ত এ প্রসঙ্গে উল্লেখ করা মনে হয় যথেষ্ট। হিন্দুশাস্ত্রে নারীকে 'নরকের দ্বার' রূপে সম্মানিত করা হয়েছে এবং খ্রিষ্টধর্মে আদি পুরুষ আদামকে ধর্মের পথ থেকে বিচ্যুত করে প্রথম পাপকর্মে লিপ্ত করার জন্য দায়ী করা হয়েছে আদি নারী ইভকে। বস্তুতঃ সমাজে নারীর অবস্থান পরসত্তা বা other রূপে যার অতি তুচ্ছ অস্তিত্ব সর্বদাই পুরুষ সাপেক্ষে মূল্যবান — কখনো সে কন্যা, কখনো বা প্রিয়া, কখনো বা মাতা – যে নিজ প্রেমপূর্ণ, নমনীয় সহনশীল আচরণের মাধ্যমে, আপন সঙ্কীর্ণ গভীর মধ্যে আবদ্ধ থেকে, পুরুষের অধীন হয়ে, পুরুষের জীবনকে করে তুলবে সমৃদ্ধ — তার অবস্থান তথা আবৃত-আস্তিত্ব সর্বদাই পুরুষের দ্বারা পুরস্কার স্বরূপ তাকে প্রদান করা হয় এই স্তোকবাক্য “প্রত্যেক সকল পুরুষের পেছনেই একজন নারী আছে” — এই স্বীকৃতি (?) টুকুতেই সে তৃপ্ত, গর্বিত। তথাকথিত আধুনিক সমাজে নারী নির্যাতন তথা ব্যক্তিমানুষ রূপে নারীত্বের অবমূল্যায়নের ঘৃণ্যতম প্রকাশ কন্যা ভ্রূণহত্যা বা 'Female Foeticide'।

ভ্রূণহত্যা বা গর্ভপাত বর্তমান সমাজে একটি অত্যন্ত বিতর্কিত, সংবেদনশীল বিষয় যা নারীর অধিকার এবং সমাজের কল্যাণকে কেন্দ্র করে আবর্তিত হয়েছে। সাধারণভাবে গর্ভপাত বলতে বোঝায় মানবজন্মের স্বাভাবিক প্রক্রিয়াকে ইচ্ছাকৃতভাবে রুদ্ধ করা বা মানবভ্রূণ তথা সম্ভাব্য মানবসত্তাকে তার জীবনের অধিকার থেকে বিরত করা। চিকিৎসাবিজ্ঞানের ভাষায় গর্ভধারণের ২৮ সপ্তাহের মধ্যে ভ্রূণের বিনাশ সাধন করা হলে তা গর্ভপাত রূপে অভিহিত হবে। প্রসঙ্গতঃ উল্লেখ্য 'গর্ভপাত' শব্দটি কোন প্রাকৃতিক কারণে ইচ্ছা নিরপেক্ষভাবে ভ্রূণবিনষ্টিকরণের ক্ষেত্রেও ব্যবহৃত হয়। কিন্তু সেখানে কোন নৈতিকতা বা বিতর্কের অবকাশ থাকে না। কিন্তু লিঙ্গ নির্ধারণ বা 'Sex - determination' (সংক্ষেপে S.D.) এর মাধ্যমে নারী - পুরুষের বৈষম্যের ওপর ভিত্তি করে যখন ভ্রূণটি বিনষ্ট করা হয় তখন এই নিষ্ঠুরতা অনিবার্যভাবে

নৈতিকতার মূলে কুঠারাঘাত করে। বিষয়ে প্রবেশের পূর্বে লিঙ্গ নির্ধারণ প্রসঙ্গে কিছু কথা বলা আবশ্যিক।

আক্ষরিকভাবে লিঙ্গনির্ধারণের অর্থ মাতৃগর্ভে অবস্থিত ভ্রূণটি পুরুষ অথবা নারী তা স্থির করা। কিন্তু ভ্রূণ নির্ধারক যে পদ্ধতি বা প্রক্রিয়ায় ভ্রূণের প্রকৃতিগতভাবে লিঙ্গনির্ধারণ করা হয় তা লিঙ্গবৈষম্য থেকে আবশ্যিকভাবে পৃথক হলেও একথা অনস্বীকার্য যে সামাজিক লিঙ্গবৈষম্যমূলক মনোভাব বা দৃষ্টিভঙ্গিগত ভিত্তির ওপরেই লিঙ্গনির্ধারণমূলক প্রক্রিয়াটি স্থাপিত। কারণ জনগ্রহণের পূর্ববর্তী পর্যায়ে ভ্রূণ অবস্থা থেকেই নারী শুধুমাত্র নারী হবার কারণেই সর্বতোভাবে পরিত্যাজ্য বা হত্যার যোগ্য। সেই কারণবশতঃই বিবাহিত মহিলাকে শুধুমাত্র পুত্রসন্তানের জননী হবার আশীর্বাদ করে উচ্চারিত হয় — “পুত্রবতী ভব।” পুত্রের কামনায় গর্ভবতী মহিলার ক্ষেত্রে করা হয় ‘পুংসবন যাগ।’ সমাজের এই অকারণ অনায়ায় পক্ষপাষ্টিত্বের ফলেই হয়তো কন্যাভ্রূণকে সমূলে বিনষ্ট করে তাকে পৃথিবীর আলো থেকে বঞ্চিত করার হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

বিংশ শতাব্দীর পূর্বে লিঙ্গ নির্বাচনমূলক ভ্রূণহত্যা তুলনামূলকভাবে প্রায় ছিলই না বলা যায়, কারণ তখন জন্মের পূর্বে ভ্রূণের লিঙ্গ নির্ধারণের জন্য আলট্রাসাউন্ড প্রক্রিয়া সহজলভ্য ছিল না। সে সময় জন্মের পর হত্যার মাধ্যমে কন্যাসন্তানের দায় থেকে পরিবারকে বাঁচানো হতো। সেই পৈশাচিক নিষ্ঠুরতা আধুনিককালেও অব্যাহত। দ্বিবিধ জিনগত পরীক্ষণের মাধ্যমে ভ্রূণের লিঙ্গনির্ধারণ সম্ভব হতে পারে — C.V.S. এবং Amniocentesis। নিয়ম অনুসারে প্রথমটি গর্ভাবস্থার অষ্টম এবং দ্বিতীয়টি নবম সপ্তাহে সম্পন্ন হতে পারে। এই জটিল পরীক্ষাগুলিতে ভ্রূণের ক্ষতি হবার সম্ভাবনা প্রবল যার পরিণতি কখনো গর্ভপাত কখনো বা Congenital abnormalities। বিশেষতঃ যদি গর্ভাবস্থার প্রাথমিক পর্যায়ে তা করা হয়। উন্নত দেশগুলিতে সাধারণতঃ C.V.S. গর্ভাবস্থার ১১ তম ও Amniocentesis ১৫তম সপ্তাহের পরে করা হয় এবং সেইসব মহিলার ক্ষেত্রেই প্রয়োগ করা হয় বয়সজনিত বা বংশগত কোন কারণে যাদের ভাবী সন্তানের কোন জিনগত সমস্যার সম্ভাবনা থাকে। কিন্তু অন্য দেশগুলিতে যেখানে অগণিত লিঙ্গ-নির্বাচক ভ্রূণহত্যা সংঘটিত হয় বা হয়ে চলেছে জটিলতা ও ব্যয়বাহুল্যের কারণে ভ্রূণ নির্ধারণের উপায়রূপে C.V.S. বা Amniocentesis এর পরিবর্তে আলট্রাসাউন্ড রূপ সরলতম পদ্ধতি গ্রহণ করা হয়।

লিঙ্গনির্ধারণমূলক ভ্রূণহত্যার ফলে লিঙ্গ অনুপাতের ভারসাম্য বিঘ্নিত হয় যা সামাজিক সমস্যার সৃষ্টি করে। সমীক্ষা অনুসারে, তাইওয়ানে এই অনুপাত প্রতি ১০০ জন নারীতে ১১০ জন পুরুষ — সিঙ্গাপুর ও মালয়েশিয়ায় বসবাসকারী চীনা জনগণের মধ্যে প্রতি ১০০ জন নারীতে ১০৭ জন পুরুষ।^১ সর্বাপেক্ষা আশঙ্কাজনক পরিস্থিতি দেখা গেছে চীনের Lianyungang শহরে যেখানে পাঁচ বছর বয়সের নিম্নবর্তী শিশুদের ক্ষেত্রে এই অনুপাত প্রতি ১০০ জন নারীতে ১৬৩ জন পুরুষ।^২ ভারতেও এই লিঙ্গ নির্ধারক ভ্রূণ হত্যা শুধুমাত্র যে লিঙ্গ অনুপাতের ভারসাম্যকে নষ্ট করছে তা নয়, পরিবারের লিঙ্গ গঠনকেন্দ্রিক সমস্যার মূলেও আঘাত হানছে। ছয় বছর বয়স সীমা পর্যন্ত শিশুদের ক্ষেত্রে এই অনুপাতের বর্ধিত ভয়াবহ হার নিম্নোক্ত তালিকাটিতে^৩ প্রতিফলিত হয়েছে —

১৯৮১	—	প্রতি ১০০ নারীতে ১০৪.০ পুং।
১৯৯১	—	প্রতি ১০০ নারীতে ১০৫.৮ পুং।
২০০১	—	প্রতি ১০০ নারীতে ১০৭.৮ পুং।

২০১১ — প্রতি ১০০ নারীতে ১০৯.৪ পুং।

আলটোসাইড প্রক্রিয়ায় লিঙ্গ নির্বাচনমূলক জনহত্যা ভারতে ১৯৯৪ ও চীনে ১৯৯৫ সাল থেকেই নিষিদ্ধ হলেও সেই আইন প্রয়োগের ক্ষেত্রে সরকারী শিথিলতা বিষয়টি গুরুত্বকে নষ্ট করেছে। Federation of obstetrics and Gynecological Societies of India -র প্রতিবেদন অনুসারে প্রতি বছর ১১ মিলিয়ন জনহত্যা ভারতে সংঘটিত হয়, যার ফলে প্রায় ৮০,০০০ নারীর মৃত্যু হয়। বস্তুতঃ জনহত্যা কিছু বিশেষ পরিস্থিতি সাপেক্ষে আইনগতভাবে বৈধ হলেও জন নির্ধারক পদ্ধতির প্রয়োগে কন্যাজন হত্যা নৃশংস অপরাধ ব্যতীত কিছু নয়।

বৌদ্ধিকতার নিরীখে সমমর্যাদাসম্পন্ন হওয়া সত্ত্বেও সমাজে নারীর তুলনায় পুরুষ সন্মান, শ্রদ্ধা ও সম্মানের অধিকারী। নারী ও পুরুষের মধ্যে যে জৈবিক প্রভেদ তা স্বাভাবিক বা প্রাকৃতিক কিন্তু তার ওপর ভিত্তি করে দৈহিক দুর্বলতার কারণে এই বৈষম্য যা একটি লিঙ্গের ওপর লিঙ্গের ওপর শোষণ বা নির্যাতনের মধ্য দিয়ে প্রকাশিত হয় তা শুধুমাত্র অন্যায় নয় অযৌক্তিকও বটে। অন্যায় বা অনৈতিক কারণ নারীকে হীন প্রতিপন্নপূর্বক তার প্রতি যে বৈষম্যমূলক আচরণ বা নির্যাতন তার কোন সমর্থক ভিত্তির সন্ধান পাওয়া যায় না এবং অযৌক্তিক কারণ যুক্তিটির আদৌ কোন ফলপ্রসূ সুসংহত উদ্দেশ্য নেই। বাস্তবে নারীই প্রাকৃতিকভাবে এমন কিছু সামর্থ্যের অধিকারী যা পুরুষ শত প্রয়াসেও অর্জনের অযোগ্য (এখনও পর্যন্ত)। যেমন গর্ভসারণ ও শিশুর জন্মদান, আপন শরীর থেকে খাদ্য সরবরাহ প্রভৃতি। বস্তুতঃ জীবনের সর্বোচ্চ মূল্য আছে এবং তা সমভাবে পুরুষ ও নারী উভয়ের মধ্যে বিদ্যমান। সুতরাং যদি জন আদৌ ব্যক্তিসত্তা হয় বা তার মধ্যে জীবনীশক্তি থাকে এবং শুধুমাত্র নারী হবার কারণে তাকে বিনষ্ট করা হয়, তাহলে তা হত্যারূপে জঘন্য বিকৃতিমূলক কর্মরূপেই গণ্য হবে। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে সব পরিবার কন্যা জনহত্যার ন্যায় জঘন্য অপরাধ করে তারাও তাদের জীবিত কন্যাসন্তানকে ভালোবাসে, তাকে নিরাপত্তার বেষ্টিতীতে ঘিরে রাখে কিন্তু সেই মেহ বা আবেগ কন্যাজন্মের ক্ষেত্রে সঞ্চারিত হয় না, কারণ এক্ষেত্রে সেই বিতর্কিত প্রশ্নটি উত্থাপিত হয় কন্যাজন্ম কী কন্যাসন্তানের সমান যার ব্যাপকতম আকার জন কি আদৌ মানবসত্তা? সুতরাং কেন্দ্রীয় বিষয় হল মানবজন ও ব্যক্তি সমমর্যাদাসম্পন্ন কি না।

মানবজনকে ব্যক্তিরূপে অভিহিত করা যায় কিনা বা তার নৈতিক মূল্য সংক্রান্ত বিষয়টি বহুল বিতর্কিত। সাধারণভাবে ব্যক্তি বলতে সেই বুদ্ধিবৃত্তিসম্পন্ন মানুষকে বোঝায় যার নির্দিষ্ট অধিকার তথা কর্তব্য আছে এবং যে স্বাধীনভাবে কর্মে প্রবৃত্ত হওয়ার সামর্থ্য বিশিষ্ট। প্রসঙ্গতঃ উল্লেখ্য অস্তিত্ববাদী চিন্তাসার্য অনুসারে ব্যক্তিমানুষের অস্তিত্ব এবং স্বাধীনতা সমার্থক এবং এই স্বাধীনতা সে প্রয়োগ করে স্বীয় অভিপ্রায় অনুসারে বিভিন্ন বিকল্পের মধ্যে একটি বিকল্প নির্বাচনের মাধ্যমে। দেখা যেতে পারে উপরোক্ত বৈশিষ্ট্যের নিরীখে আদৌ জন মানবসত্তা কিনা। আপাতভাবে যদিও জনের পক্ষে কোন স্বাধীনতা প্রয়োগ করে স্বীয় অস্তিত্বের প্রমাণ দেওয়া সম্ভব নয়, তবু রক্ষণশীল সম্প্রদায় মনে করেন গর্ভসঞ্চারের সময়কাল থেকেই জন ও মানবসত্তার মধ্যে যে নিরবিচ্ছিন্ন প্রক্রিয়া বর্তমান, সেখানে এমন কোন প্রান্তসীমার সন্ধান পাওয়া যায় না যার ওপর ভিত্তি করে উভয়ের মধ্যে ভেদসাধন করা সম্ভব। অতএব উভয়েই নৈতিকভাবে সমমূল্যে মূল্যবান হওয়ায় ব্যতিক্রমী ক্ষেত্র (দৃষ্টান্তঃ যদি কোন গর্ভবতী মহিলার সন্তানের জন্মদানের ক্ষেত্রে জীবন সংশয় বা ভাবী সন্তানের যদি কোন দুরূহ জিন সংক্রান্ত রোগে আক্রান্ত হবার সম্ভাবনা থাকে) ব্যতীত গর্ভপাত

কখনোই সমর্থনযোগ্য নয়।

চূড়ান্ত উদার মত অনুসারে আগের ক্রমপরিণতির যে কোন পর্যায়ে গর্ভপাত সমর্থনযোগ্য বা বৈধ। এই মত অনুসারে, যদি ভ্রূণ - কে-মানবপর্যায়ের রূপে স্বীকারও করা হয় তাহলেও এই প্রজাতির কোন প্রাপ্তবয়স্ক দৃষ্টান্তের সাথে তা তুলনীয় নয়। অতএব উভয়ের নৈতিক মূল্যের ক্ষেত্রেও কোন তুলনা চলে না।

জৈব মত অনুসারে আগের নৈতিক মূল্য মানবেতর প্রাণীর নৈতিকতার সঙ্গে তুলনীয় এবং একথা অনস্বীকার্য যে, যদি মানবেতর প্রাণীর নৈতিক মূল্য স্বীকার করা হয় বা স্বীকার করা উচিত বলে মনে করা হয়, তাহলেও ঐ মূল্য নিশ্চিতভাবেই কোন মানবিশিশু বা পরিণত। স্বাভাবিক প্রাপ্তবয়স্ক মানুষের নৈতিক মূল্যের সমপরিমাণের হতে পারে না। এ প্রসঙ্গে আরো বক্তব্য এই যে, কি জাতীয় মানবেতর প্রাণীর সঙ্গে মানবজাতির নৈতিক মূল্য সমান, তাও বিতর্কিত।

বিকাশ পর্যায় মতবাদীগণ মনে করেন মানবজাণ ক্রমশঃ বিকশিত হতে থাকে এবং এই বিকাশের সঙ্গে সঙ্গে তার নৈতিক মূল্যও ক্রমশঃ বর্ধিত হয়। প্রথম পর্যায়ে যখন এটি মানবকোষ ব্যতীত কিছুই নয়, তখন এর নৈতিক মূল্য যৎ সামান্য — ধীরে ধীরে বিবর্তনের মধ্য দিয়ে কোন এক পর্যায়ে ঐ ভ্রূণটির নৈতিক মূল্য নিম্নস্তরীয় কোন প্রাণীর নৈতিক মূল্যের সমপরিমাণ এবং ভূমিষ্ঠ হবার পূর্ববর্তীকালে সে প্রায় মানবিশিশুর সমান হওয়ায় তার নৈতিকমূল্য প্রাপ্তবয়স্ক মানুষের সঙ্গে তুলনার যোগ্য। ভ্রূণহত্যা সংক্রান্ত আইনে এই মতবাদেরই প্রতিফলন পরিলক্ষিত হয়।

সুগুণ্ডক্তি সংক্রান্ত মত অনুসারে মানবজাণ প্রকৃত মানুষ না হলেও সম্ভাব্য মানুষ তো বটেই এবং সেই কারণেই নৈতিক দিক থেকে এর স্বাতন্ত্র্য তথা অনন্যতা অস্বীকার করা যায় না। মৃত মানুষের দেহের প্রতি শ্রদ্ধা বা সম্মান জানানো যদি নৈতিকভাবে মূল্যসম্পন্ন হয়, তাহলে সম্ভাব্য ব্যক্তিমানুষ রূপে ভ্রূণ সেই আধিকার থেকে কেন বঞ্চিত হবে? বস্তুতঃ একটি সম্ভাব্য মানুষ ও পূর্ণস্ব মানুষের নৈতিক মূল্য সমপরিমাণের যদি হয় তাহলে ভ্রূণহত্যা কোনক্ষেত্রেই নৈতিকভাবে অনুমোদিত হবে না। সম্ভাব্যতা ও বাস্তবতার মধ্যে আবাশিকভাবেই ব্যবধান বিস্তর।

বস্তুতঃ জীবনগত অর্থে ভ্রূণকে মানুষ বলা গেলেও ব্যক্তির বৈশিষ্ট্য যেমন — বুদ্ধিবৃত্তি, আত্মসচেতনতা, স্বাধীনভাবে কর্মবিধি নির্বাচন করা প্রভৃতি তার মধ্যে নেই এবং সেই অর্থে জীবনের অধিকারও সে দাবী করতে পারে না। প্রসঙ্গটি বিতর্কিত হলেও একথা অনস্বীকার্য যে গর্ভপাত আইনগতভাবে এবং নৈতিক প্রেক্ষিতে ব্যতিক্রমী ক্ষেত্রগুলিতে বৈধ কিন্তু তা যদি লিঙ্গবৈষম্যের ভিত্তিতে পুরুষ - প্রিয়তার কারণে হয় তাহলে তা কখনোই সমর্থনযোগ্য হবে না। কন্যাভ্রূণ হত্যা বা কন্যা সন্তান হত্যা ব্যাপকভাবে দরিদ্র মানুষের মধ্যেই লক্ষ্য করা যায় অর্থাৎ যে সব মানুষের কাছে সুস্থভাবে জীবন যাপনের উপকরণ বা উপায় কোনটাই নেই বা তা সীমিত, যাদের পক্ষে ধর্মীয় তথা সামাজিক অনুষ্ঠানে অর্থব্যয় শুধু দুর্কর নয়, কখনো কখনো অসম্ভবও বটে তাদের মধ্যেই এই প্রবণতা থাকে। বস্তুতঃ সমাজ ব্যবস্থায় মতই আধুনিকতার ছোঁয়া লাগুক না কেন জাতি ব্যবস্থা বা তার বাধা - নিষেধের গভী এখনও অটুট। এমনকি আর্থিক সীমার নীচে বসবাসকারী গোষ্ঠীর ক্ষেত্রেও প্রথাগত বিধি নিয়ম সমভাবে প্রযোজ্য। তাই স্বজাতিতে কন্যার বিবাহের জন্য পণপ্রথার কারণে দরিদ্র পিতামাতাকে প্রায়শঃ নিজেদের যৎ সামান্য পুঁজি হারাতে হয় বা অপারের দাসত্ব

স্বীকার করতে হয়। পুত্রসন্তানকে আর্থিক লাভের উৎস মনে করা হয় যেখানে কন্যা সমাজের বোঝাস্বরূপ। ব্যাখ্যা করে বলা হয় বহু দেশের সমাজ ব্যবস্থায় পিতা-মাতা বৃদ্ধবয়সে তাদের রক্ষণাবেক্ষনের জন্য সন্তানের ওপর নির্ভর করেন, পুত্রের ওপর যে দায়িত্ব বর্তায়, কেননা এই জাতীয় অধিকাংশ সমাজেই এই প্রথা প্রচলিত যে কন্যা বিবাহের পর তার পিত্রালয় এবং পিতৃপ্রদত্ত পদবী পর্যন্ত ত্যাগ করে স্বামীর পরিবারের অংশরূপে গ্রাহ্য হবে। সেক্ষেত্রে পুত্র বিবাহের মাধ্যমে শুধুমাত্র যে পরিবারের সদস্য সংখ্যা বৃদ্ধি করে তাই নয়, পণ গ্রহণের মাধ্যমে আর্থিক লাভ ঘটায়। কন্যাসন্তানের তুলনায় পুত্রসন্তানের প্রতি আকর্ষণের এটি একটি অন্যতম কারণ। কোন দরিদ্র দম্পতি যাদের পক্ষে একাদিক সন্তান লালন পালন করা অসম্ভব, তারা পুত্রসন্তানের কামনায় কন্যাজ্ঞপন্যকে কখনোই অন্যায় বিবেচনা করবে না।

ধর্মীয় রীতি অনুসারে পুত্রসন্তান পরিবারে মঙ্গলময়তার প্রতীকরূপে চিহ্নিত হয়। তার স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষার প্রতি যে গুরুত্ব আরোপ করা হয় তার ১০ শতাংশও ঐ পরিবারের কন্যাসন্তানকে দেওয়া হয় না। ভারতবর্ষে যেখানে সনাতন হিন্দুধর্মে বলা হয় — ‘যেখানে নারীকে সম্মান দেওয়া হয় সেখানে দেবতার অধিষ্ঠান’ — এই কন্যাজ্ঞপন্যের প্রবণতা ভয়াবহ। ভারতীয় পিতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থায় বংশ পরম্পরায় প্রজ্জ্বলমান রাখার জন্য অন্ততঃ একটি প্রদীপ বা পুত্রসন্তান অপরিহার্য — একাধিক পুত্রসন্তান পরিবারের সমৃদ্ধি ও মর্যাদারই দ্যোতক। হিন্দুপ্রথা অনুসারে ধর্মীয় আচার অনুষ্ঠানে একমাত্র পুত্রসন্তানই অংশগ্রহণ করতে পারে — পূর্বপুরুষের আত্মার শান্তিকামনায় যে শ্রাদ্ধ অনুষ্ঠান বা তর্পণ অনুষ্ঠান তাতেও পুত্রেরই অধিকার। বস্তুতঃ কোন সমাজ-সাংস্কৃতিক অবস্থানে যদি পুত্রসন্তানকে গুরুত্ব বা অগ্রাধিকার প্রদান করা হয় এবং কন্যাসন্তানের ক্ষেত্রে বৈষম্যমূলক মনোভাব পোষণ করা হয়, সেখানে লিঙ্গনির্ধারণ তা গর্ভধারণের যে কোন পর্যায়েই করা হোক না কেন তার আদি অকৃত্রিম তাৎপর্য নারী বিলুপ্তি। যে সভ্যতা শুধুমাত্র পুত্রের মা-কেই স্বীকৃতি দেয়, যে সংস্কৃতির ধর্মীয় বাতাবরণে নারীকে শুধুমাত্র পুত্রসন্তান উৎপাদনের যন্ত্ররূপে অভিহিত করা হয় — “পুত্রার্থে ক্রিয়েতে ভার্যা।” বিবাহিতা মহিলাকে শতপুত্রের জননী হওয়ার আশিষ প্রদান করা হয়, গর্ভধারণ করার পরে সংশ্লিষ্ট নারীটিকে কেন্দ্র করে পুংসবণ যজ্ঞ করা হয় পুত্রসন্তানের কামনায় সেখানে নারী কোন স্বতন্ত্র সত্তা নয়। পুরুষের চলচ্ছক্তিহীন স্বাবর সম্পত্তিমাত্র।

কন্যাজ্ঞপন্যের ক্ষেত্রে নারীর ভূমিকা প্রসঙ্গে একটি বিতর্কিত অবস্থান লক্ষ্য করা যায়। যদি জ্ঞপন্য বিনষ্টকরণ বা গর্ভপাতের ক্ষেত্রে সংশ্লিষ্ট মহিলার ইচ্ছা বা অধিকারকে সম্মান তথা স্বীকৃতি দেওয়া হয় তাহলে এক জটিল বিপদজনক পরিস্থিতির উদ্ভব হবে যেখানে একজন নারী লিঙ্গনির্ধারণ প্রক্রিয়ার সাহায্যে তার অধিকার প্রয়োগ করে অন্য এক নারীর সম্ভাব্য জীবনের প্রতি অধিকার হরণ করে। সামান্য বিশদে গিয়ে বলা যায় ১৯৭১ সালের ১০ই আগস্ট নারীস্বার্থরক্ষা প্রসঙ্গ ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ — এই দিন সংসদ কর্তৃক ‘Medical Ermination of Pregnancy’ আইন বলবৎ হয়, যার ফলে অনিচ্ছাকৃত বা বলপূর্বক গর্ভধারণের ক্ষেত্রে গর্ভপাত অনুমোদন প্রাপ্ত হয় এবং এই প্রথম গর্ভপাতের ক্ষেত্রে গর্ভনিরোধকের ব্যর্থতাকে আইনসঙ্গতভাবে একটি বৈধ কারণরূপে স্বীকৃতি দেওয়া হয়, যেখানে সংশ্লিষ্ট মহিলার এটি প্রথম গর্ভধারণ কি না বা পূর্বে তাঁর কোন জীবিত সন্তান আছে কি না প্রভৃতি বিষয়গুলি অপ্রাসঙ্গিকরূপে বিবেচিত হয়। এক্ষেত্রে দুটি প্রাক্-শর্ত গুরুত্বপূর্ণ—

(ক) সংশ্লিষ্ট মহিলার লিখিত স্বীকৃতি —

(খ) সংশ্লিষ্ট চিকিৎসকের নিজ পেশার প্রতি সততাপূর্বক এই মতামত বা সিদ্ধান্ত যে মায়ের জীবনরক্ষার প্রয়োজনে বা মা কিংবা শিশুর শারীরিক -মানসিক অস্বাভাবিকতা রোধের জন্য ঐ বিশেষ ক্ষেত্রে গর্ভপাত প্রয়োজন।

অর্থাৎ, গর্ভপাতের ক্ষেত্রে গর্ভবতী মহিলার সম্মতি অত্যাবশ্যিক। সেক্ষেত্রে কন্যাস্বজনহতায় অপর একটি নারীর যাতকের ভূমিকা অনস্বীকার্য। এই জাতীয় সরলীকরণ যে বিষয়টির প্রকৃত তাৎপর্য প্রকাশে অক্ষম তা বলার অপেক্ষা রাখে না। বস্তুতঃ যে কোন মহিলা যিনি স্বেচ্ছায় মাতৃত্বলাভের উদগ্রহ আকাঙ্ক্ষায় গর্ভধারণ করেছেন, তার কাছে লিঙ্গনিরপেক্ষভাবে সম্মতনামাত্রই প্রিয় এবং তার পক্ষে লিঙ্গনির্ধারণ প্রক্রিয়ার প্রয়োগ না করাই স্বাভাবিক এবং যদি তিনি ঐ প্রক্রিয়ার মাধ্যমে তার ভাবী সন্তানের লিঙ্গ সম্পর্কে জ্ঞাত হয়ে গর্ভপাতে আগ্রহী হন, তাহলে তার জন্য আবাশিকভাবে দায়ী হবে পুরুষতান্ত্রিক সমাজবাবস্থা এবং তার অনিবার্য পরিণতিস্বরূপ নারীর প্রতি অবজ্ঞা, অবহেলা, নির্যাতন এবং দমন। এমন বহুক্ষেত্র দেখা যায় যেখানে সংশ্লিষ্ট মহিলা লিঙ্গনির্বাচনমূলক গর্ভপাতের বিরুদ্ধে মানসিকভাবে জেহাদ ঘোষণা করলেও আর্থিকভাবে পুরুষের ওপর নির্ভরশীল হওয়ায় তার বা তাদের সিদ্ধান্তই মেনে নিতে বাধ্য হয় এবং এই কঠিন বাস্তব বিধ্বাসের মধ্যে স্বত্ত্বা অনুসন্ধানের চেষ্টা করে যে নারী হয়ে জন্মাবার অপরাধে পুরুষশাসিত সামাজিক বাতাবরণে যে দুর্বিসহ যন্ত্রণার মধ্য দিয়ে তার জীবন অতিবাহিত হচ্ছে ভাবী কন্যা সন্তানকে অন্ততঃ সে তা থেকে মুক্তি দিল। প্রত্যেক মানুষই যেহেতু এ সম্পর্কে ওয়াকিবহাল এবং তারাও মহিলাদের ওপর কৃত এই নিগ্রাহের সদর্থক বা নগ্নার্থক ভূমিকা পালনকারী অতএব কারোরই উচিত নয় মহিলাদের দোষারোপ করা।

আধুনিক যুগে নারীপুরুষের সমানাধিকার স্বীকৃত হয়েছে বা বলা ভালো তার প্রচেষ্টা চলছে। সমগ্র বিশ্বব্যাপী পালন করা হচ্ছে আন্তর্জাতিক নারীবর্ষ— দেশে দেশে সূচনা হয়েছে নারী জাগরণমূলক আন্দোলনের। স্ত্রী -শিক্ষা প্রসারের ফলে মেধা, মনীষা আর মননে নারীর ঘটেছে চূড়ান্ত রূপান্তর। শুধুমাত্র পারিবারিক আঙিনায় নয়, রাষ্ট্রপরিচালনায় চিকিৎসাশাস্ত্রে, বৈজ্ঞানিক গবেষণায়, শিক্ষাব্যবস্থায় প্রভৃতি যে কোন ক্ষেত্রে নারী সমাজে আজ অগ্রণী ভূমিকা গ্রহণ করছে — আজ আর পিতামাতার কাছে সে ত্রাতা নয়, কারণ আজ সে সংসারের দায় বা বোঝানয়, বরং দায়ভার বহন করার সামর্থ্য তথাক্ষমতার অধিকারী — মানসিক ও অর্থনৈতিক উভয় অর্থে। আজ নারী পণপ্রথার বিরুদ্ধে অন্যায়সে জেহাদ ঘোষণা করে স্বকীয়তা প্রতিষ্ঠা করে। প্রসঙ্গতঃ উল্লেখ্য আধুনিক পুরুষের মধ্যেও নারীকে টাকার মূল্যে বিচার করার মধ্যযুগীয় প্রবণতা অপসৃত হয়ে সংস্করমুক্ত শূভ তথা কল্যাণবুদ্ধির প্রকাশ পরিলক্ষিত হয়। বস্তুতঃ পুরুষ ও নারী প্রসঙ্গে বা পুত্রসন্তানের অগ্রাধিকারের ক্ষেত্রে সাধারণ মানুষের যে দৃষ্টিভঙ্গী তার পরিবর্তন সাধন করে উভয়ের সমানাধিকার বা সমতা প্রসঙ্গটি বিভিন্ন গণমাধ্যমের দ্বারা ব্যাপকভাবে প্রচারিত হওয়া প্রয়োজন। লিঙ্গনিরপেক্ষভাবে প্রতিটি মানুষের যেন নূনতম কিছু সমঅধিকার আছে তা নির্দিষ্ট সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষিতের মাধ্যমে প্রতিফলিত হতে পারে যার দ্বারা নারী এবং শিশুদের বিশেষতঃ শিশুকন্যাদের মৌলিক অধিকার রক্ষিত হবে। সরকার কর্তৃক আইন প্রণয়নের মাধ্যমে একমাত্র চিকিৎসার প্রয়োজন ব্যতিরেকে আগের লিঙ্গনির্ধারণ প্রক্রিয়ার কঠোর নিষিদ্ধকরণ এবং অমান্যকারীকে কঠোর দণ্ডপ্রদানের মাধ্যমে পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে যার ফলে সন্ধীর্ণ আত্মকেন্দ্রিকতা থেকে উত্তীর্ণ হয়ে পুরুষ ও মানুষ নারীর সামাজিক বৈষম্যকে অস্বীকার করে উভয়ের প্রতিষ্ঠা হয় মনুষ্যত্বের বেদীতে, তারা দীক্ষিত হয় মানবতাবোধের পবিত্র মন্ত্রে।।

টীকা ও তথ্যপঞ্জী

1. 'Special FAQ on the gender of the fetus' (<http://www.ob-ultrasound.net/genderfaq.html>.)
2. G.Damel. (1995). On Substituting Sex preference strategies in East Asia :Does Prenatal Sex Selection Reduce Postnatal Discremenation? Population and Development Review, 22 (1), III - 125 Retrieved March 13, 2007.
3. "The women shortage:" How sex selection of babies has led to a huge surplus of men and why that's bad for all of us." (<http://www2.maleceans.ca/2011/06/14g/how-sex-selection-of-babeies-has-led-to-a-huge-surplus-of-men-and-why-that%E2%80%99s-bad-for-all-of-us/>)
4. Arnold, Fred, Kishor, Sunita & Roy. T.K. (2002), Sex-Selective Abortions in India (<http://links.jstor.org/sici>)
5. Postnote July 2003 Number 198 Sex Selection (POST is office of both Houses of Parliament charged with providing independent and balance analyses of public policy issues that have a basis in science and technology).

গ্ৰন্থপঞ্জী

- R. Hursthouse; 1987, Begining lines, Basil Blackwell, Oxford.
- V. Patel, The ethics of gender justice, Indian Journal of Medical Ethics, Oct - Dec., 1995.
- J.T. Dahlburg, where killing baby girls 'is no big sin.'
The Los Angeles Times (The Tornonto Star, February 28, 1994)
- M. Karlekar. The girl child in India - does she have any rights?
Canadian Women's studies, Vol. 15, Nos 2&3, 1995
- M. Porras, Female infanticide and Foeticide.
Sex-selective abortion from Wikipedia, the free encyclopedia.
Case Study: Female infanticide, gendercide. Org/Case infanticide. html.
- Peter K. Mac Inerney. Does a Fetus Already have a Future - like -ours?
The Journal of Philosophy published by : Journal of Philosophy, Inc.

BOOK REVIEW

THE SUPERNORMAL MEANS OF KNOWING : A NAVYA NYĀYA APPROACH

(FIRST EDITION), DR. BHUPENDRA CHANDRA DAS,

Pages I-XII+1-181, Bharatiya Vidya Prakashan, Delhi, 2011,

ISBN : 978-81-217-0230-0, Price : 450.00

In epistemology, perception arises out of the contact of a sense-organ with a nearby object. A sense-organ may come into contact with a fixed object, when the perception as a piece of cognition is produced. As for example the eye can come into contact with the colour or size of an object, it cannot come into contact with the taste or smell of an object. The sense-organ cannot also come into contact with that object which exists outside the reach of it. In western epistemology perceptual knowledge is nothing more than this. The so-called extra-ordinary perceptions are not perceptions, but inferences.

But in Indian epistemology the case is not so. In Indian epistemology the above-mentioned cases of perceptions are ordinary or *laukika* perception. There are also some perceptions, which do not come under such ordinary perception, they do not arise from ordinary sense-object contact as explained above. In Indian epistemology, specifically in the Nyāya epistemology these perceptions are extra-ordinary or *alaukika*, or for these perceptions, the necessary sense-object is not ordinary but extra-ordinary. For example, when a person gets perceptual knowledge of the coldness of a piece of ice-cream, which is far away from him, though the eye, then it is not an ordinary case of perception, since the eye cannot ordinarily come into contact with coldness. But without the contact of the eye, in the said example, with coldness one cannot have perceptual knowledge of coldness of the ice-cream. So we are to admit that there is an extraordinary (*alaukika*) contact of the eye, the sense-organ with the object, the coldness. This extra-ordinary contact gives rise to extra-ordinary perceptions. Or when perceiving some men to be mortal we infer that all men are mortal, then we may justify this by pointing out that we perceive the

class-character of all men and the class-character of all mortals at the time of perceiving some men to be mortal and through the perceptions of these two class-characters (in the Nyāya terminology *sāmānya*) we perceive all men as mortals in all times and in all places, since the class-character is that category which inheres in all individuals or particulars. One cannot perceive all individuals of all the times and all the places by ordinary sense-object contact, so the contact must be extraordinary and the perception out of such contact cannot be ordinary perception, but extra-ordinary perception.

So in the Nyāya epistemology, a type of perception – extra-ordinary or *alaukika* perception has been recognised besides the ordinary or *laukika* perception. In Indian philosophy only the Nyāya system gives high importance to the different types of *alaukika* perceptions, other systems partly accept it, some even rejects *Yogaja* perceptions, a type of *alaukika* perception, which has been taken for granted, though differently, by most of the Indian systems.

The book under my review, at present, is 'The Supernormal Means of Knowing' (i.e. The extra-ordinary means to perceptual knowledge) written by Dr. Bhupendra Chandra Das.

The book is a research-work of the Ph.D. Degree under the supervision of Dr. Raghunath Ghosh, a present-day well-known scholar of Indian philosophy.

The book-contains five chapters as follows : chapter -I : Introduction; chapter-II, The concept of *Sāmānyalakṣaṇa Pratyakṣa*; Chapter-III: The Concept of *Jñānalakṣaṇa Pratyakṣa*, Chapter IV The Concept of : *Yogaja Pratyakṣa* : and chapter-V : Some Evaluative and conclusive remarks.

The complete work is devoted to the Nyāya theory of extra-ordinary or super-normal perception with particular reference to the views of the Navya-Naiyāyikas .

The introductory chapter is devoted to the status, definitions, stages and classifications of perception. The discussion on these items has cleared the way

towards the study of super-normal perceptions or *alaukika pratyakṣa*. All these have been dealt from the Nyāya point of view. In this connection the author has rightly referred and explained the nature of extra-sensory perceptions of western para-psychology.

The second, third and fourth chapters are concerned with these types of *alaukika Pratyakṣa - Sāmānyalakṣaṇā Pratyakṣa*, *Jñānalakṣaṇa pratyakṣa* and *Yogaja pratyakṣa*.

In the second chapter, the nature and justifications for admitting *sāmānyalakṣaṇa pratyakṣa* has been discussed and established very carefully with necessary reference to the basic texts. To Dr. Das, it may be a type of intuitive induction as we find in western logic. But this intuitive induction must be supported by *sāmānyalakṣaṇa pratyakṣa*.

This view strengthens the realistic epistemology of the Nyāya. Generally *sāmānyalakṣaṇa* perception is admitted for the absolutely certain knowledge of *Vyāpti* (inductive generalisation) and in that case the contact of only one sense-organ viz., the eye, which comes into contact with all the individuals of past and present through the *sāmānya* (either as real entity or a piece of knowledge), is taken for illustration. But Dr. Das has informed us that there is also possibility of *sāmānyalakṣaṇa* contact through other senses like the senses of touch, hearing and smelling. Thus we find a detailed account of *sāmānyalakṣaṇa pratyakṣa* in this chapter and the position of it has been highlighted by quoting particularly the views of Ganges'ā and Viś'vanātha.

In the third chapter the concept of *Jñānalakṣaṇa pratyakṣa* has been discussed from the point of view of the Nyāya and refuting particularly the Advaita Vedānta rejection of it.

Referring to the view of Harirām Tarkavāgīś'ā the author has mentioned four kinds of cases for the justifications of *Jñānalakṣaṇa pratyakṣa*. They are: (i) recognition, (ii) perceptions of negation, (iii) visual perception of fragrance in a

piece of sandal-wood and (iv) The knowledge of knowledge (*anuvyāvāsāya*).

But the Nyāya also establishes their theory of error *anyathākhyātivāda* on the basis of its acceptance of *jñānalakṣaṇa pratyakṣa*. So the perception of erroneous object (like a snake in a piece of rope) is also a case for the justification of *jñānalakṣaṇa pratyakṣa*.

The Advaita Vedāntins reject *jñānalakṣaṇa pratyakṣa*. To them it is nothing but inference. The Vedāntā-paribhāsākāra argues that *jñānalakṣaṇa pratyakṣa* consists of two acts of knowledge – perception and inference. 'The sandalwood is fragrant' exemplifies two acts of knowledge – perception in respect of sandalwood and inference in respect of fragrance. Knowledge of fragrance is an inferential knowledge. So to the Advaitins, to recognise *jñānalakṣaṇa pratyakṣa* as a form of perception is to ignore the distinction between perception and inference.

The author nicely examines the Advaita refutation of *Sāmānyalakṣaṇa Pratyakṣa* and concludes 'that' there is no absolute line of demarcation that can be drawn between perception and inference. Sometimes the knowledge of an object may be a perceptual one, and it may be an inferential to another individual at other time, (p.70). In fact, some western psychologists believe in acquired perceptions, which are almost similar to *Jñānalakṣaṇa pratyakṣa* of the Nyāya.

In the last section of the chapter on *jñānalakṣaṇa pratyakṣa* the author has reviewed (i) some problems concerning *jñānalakṣaṇa pratyāsatti* for explaining the perception of negation referring to the view of Harirām Tarkavāgīś', (ii) Navya-Naviyāyika views on *jñānalakṣaṇa pratyakṣa* particularly the views of Ganges'a and Vardhamāna .

The fourth chapter is on the concept of *Yogic pratyakṣa*. *Yogic pratyakṣa* as an *alaukika pratyakṣa* has been accepted by all the systems of Indian philosophy excepting the Cārvāka and the Mimāṃsā. The Cārvāka does not grant any super-sensible object, so the supernormal perception is meaningless to them. The

Mīmāṃsāka holds that a yogi or a person possessed of superior power may perceive only the visible objects, but none of them can perceive transcendental objects like *dharma*.

Dr. Das has represented first the Nyāya theory of *Yogaja pratyakṣa* after refuting the Mīmāṃsā view. In this connection he has given a brief exposition of *prātibhājñāna* a type of intuitive knowledge recognised particularly in Indian poetics. Also he has rightly refers to the basis of extra-sensory perceptions of Western para-psychology like telepathy, clairvoyance etc. The author shows that this type of super-normal perceptions (*alaukika pratyakṣa*) is so philosophically significant that almost all the systems of classical Indian philosophy have to accept it, though their treatment of it sometimes differ. Even the contemporary Indian Philosophers like Aurobindo, Vivekananda and Rabindranath have also admitted it and gives importance to *Yogaja pratyakṣa* for spiritual realization. The author has explained their positions systematically. Rabindranath himself used to meditate sometimes at midnight, sometimes at the very dawn to realise the infinite spirit. "But" the author rightly observes, "Rabindranath has not mentioned any particular process through which the mind may be able to realise the universal man." (P. 112)

The last chapter of the book (chapter-V : Some Evaluative and Conclusive Remarks) is an important contribution of the author. This is really an evaluated study. Dr. Das has started from the root of *sāmānyalakṣaṇa pratyakṣa* i.e. the reality of *sāmānya*. So he has elaborately discussed the negative attitude of the Bauddha philosophers towards the reality of *sāmānya*. For this purpose he has examined the Bauddha *kṣaṇabhāṅgavāda* on the basis of which the reality of *sāmānya* is refuted. Finally he has established the reality of *sāmānya* from the Nyāya point of view and proves that the admission of *sāmānyalakṣaṇa sannikarṣa / pratyakṣa* in the epistemology of perception cannot be denied. In this chapter Dr. Das has critically examined the situation of non-acceptance of *sāmānyalakṣaṇa pratyakṣa* by the Advaita Vedāntins and the Mīmāṃsakas.

Going to evaluate the *jñānalakṣaṇa pratyakṣa* Dr. Das has pointed out

the view of N.V. Banerjee that both the *jñānalakṣaṇa pratyakṣa* and *sāmānyalakṣaṇa pratyakṣa* are the cases of *laukika pratyakṣa* or normal perception, not of super-normal perceptions. He has rightly shown that the view of Banerjee is not at all justified. Finally he has strongly established the perceptuality of *jñānalakṣaṇa pratyakṣa*, which is denied by the Advaita Vedāntins by showing that this type of *alaukika pratyakṣa* is nothing but inference.

In this chapter of evaluation, lastly, Dr. Das has critically reviewed the justifiability of *Yogaja pratyakṣa* and *pratibhā* which is known as a human faculty for knowing the world which is beyond the reach of sense-organs. But it has been shown by him with supporting views that *prātibhā jñāna* is a type of poetic intuition which is different from super-normal perceptions of a *yogi* in degree. Finally Dr. Das has strongly argued against the position of the *Mīmāṃsakas* which does not admit *Yogaja pratyakṣa* to establish it which has been highly estimated by all other systems of Indian philosophy with a single exception of the *Kevalapratyakṣavādi Cārvāka*.

Thus we see that Dr. Das has done enough to contribute on the extraordinary or supernormal means to perceptual knowledge and has been quite able to establish it from the Nyāya viewpoint. The book will certainly encourage those who are interested in this area of epistemology.

But the production of such an informative and thought provoking book is not satisfactory. There is a good-number of printing mistakes and the head lines and sub-headlines are not carefully ordered and composed. I request Dr. Das to take care of the final proof-reading before giving the print-order.

In fine, though not a Nyāya scholar, I am to request Dr. Das to go through Raghunath Siromani's *Dīdhiti* on *sāmānyalakṣaṇa* and Advaitasiddhi of Madhusūdana Saraswati for a more detailed and enriched examinations of *sāmānyalakṣaṇa pratyakṣa* as a supernormal perception.

PRABHAT MISRA